নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
মঙ্গলবার
রেজিঃ নং-চ-৫১৩
৩ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৯১
১৮ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২২ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

ন্যায্যমূল্য ও সরকারি সহায়তার প্রত্যাশা কৃষকদের

সম্ভাবনাময় হাইমচরের পান চাষ বছরে বিক্রি ৫২ কোটি টাকা

বিশেষ প্রতিনিধি

মেঘনাপাড়ের জনপদ হাইমচর উপজেলা। এ উপজেলার লক্ষাধিক মানুষের একটি বড় অংশের জীবিকানির্ভর কৃষি ও মৎস্য আহরণের ওপর। তবে কৃষিনির্ভর এ জনপদে অর্থনীতির অন্যতম চালিকাশক্তি হয়ে উঠেছে পান চাষ।

বছরের পর বছর ধরে এখানকার কৃষকেরা পান চাষ করে জীবিকা নির্বাহ করছেন। সবুজে ঘেরা পানের বরজ ঘিরে গড়ে উঠেছে কর্মসংস্থানের বিশাল ক্ষেত্র। বর্তমানে উপজেলায় ২৩৫ হেক্টর জমিতে পান চাষ হচ্ছে। বছরে এ উপজেলা থেকে প্রায় ৫২ কোটি টাকার পান বিক্রি হয়। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এ পেশার সঙ্গে জড়িত রয়েছেন ৫ থেকে ৬ হাজার মানুষ।


হাইমচরে সবুজে ঘেরা পানের বরজ ঘিরে গড়ে উঠেছে কর্মসংস্থানের বিশাল ক্ষেত্র।

হাইমচর উপজেলা কৃষি অফিসের তথ্য অনুযায়ী, চলতি বছর উপজেলায় ২৩৫ হেক্টর জমিতে পানের আবাদ হয়েছে। বর্তমানে এখানে পানের বরজ রয়েছে ১ হাজার ৭২টি। এসব বরজকে কেন্দ্র করে প্রতিদিন কয়েক হাজার মানুষের কর্মসংস্থান হচ্ছে। পান চাষ, পরিচর্যা, সংগ্রহ, বাছাই, সাজানো, পরিবহন ও বিপণন সব মিলিয়ে স্থানীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে এ কৃষিপণ্য।

উপজেলার ছয়টি ইউনিয়নের মধ্যে দুটি ইউনিয়নের অবস্থান মেঘনা নদীর পূর্ব পাড়ে। এসব এলাকার অধিকাংশ গ্রামেই রয়েছে পানের বরজ। একটি পানের লতা থেকে কয়েক দশক পর্যন্ত পান উৎপাদন করা সম্ভব হওয়ায় দীর্ঘমেয়াদি আয়ের আশায় অনেক ● ২-এর পাতায় দেখুন

পোশাকশিল্প ধ্বংসের ষড়যন্ত্রের আশঙ্কা উড়িয়ে দেয়া যায় না : ডা. শফিকুর রহমান

দিগন্ত ডেস্ক

পোশাকশিল্পে চলমান অস্থিরতা, বিভিন্ন স্থানে ভাঙচুর এবং শিল্পপ্রতিষ্ঠানে অগ্নিসংযোগের ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান।

তিনি বলেছেন, 'ষড়যন্ত্রকারী ও ধান্দাবাজরা পরিস্থিতি উসকে দিয়ে পোশাকশিল্প ধ্বংসের পাঁয়তারা করছে বলে মনে হয়। এ ব্যাপারে সরকারকে কঠোর অবস্থান নিতে হবে।'

সোমবার নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেয়া এক পোস্টে তিনি এসব কথা বলেন।

ডা. শফিকুর রহমান বলেন, 'কোনো মালিক কিংবা শ্রমিকই শিল্পপ্রতিষ্ঠান ধ্বংস করে নিজেদের অধিকার প্রতিষ্ঠা করতে পারবেন না। তিনি বিশ্বাস করেন, কোনো শ্রমিকই এ ● ২-এর পাতায় দেখুন


ইসকনের কার্যক্রম নিষিদ্ধ ও নীলাচল মন্দির বন্ধের দাবিতে চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের নিকট হেফাজতে ইসলামের স্মারকলিপি পেশ।

চাঁদপুর জেলা প্রশাসকের নিকট হেফাজতে ইসলামের স্মারকলিপি

ইসকনের কার্যক্রম নিষিদ্ধ ও নীলাচল মন্দির বন্ধের দাবিতে মানববন্ধন

শহর প্রতিনিধি

দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব, সাম্প্রদায়িক সম্প্রীতি ও জাতীয় নিরাপত্তা রক্ষার স্বার্থে ইসকনের কার্যক্রম নিষিদ্ধ এবং চাঁদপুর শহরের মুনসেফপাড়ায় অবস্থিত শ্রী শ্রী মহাপ্রভু নীলাচল মন্দির বন্ধের দাবি জানিয়েছে হেফাজতে ইসলাম বাংলাদেশ, চাঁদপুর জেলা শাখা।

সোমবার (২ নভেম্বর) সকাল ১০টায় চাঁদপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে আয়োজিত মানববন্ধন থেকে এ দাবি জানানো হয়। পরে সংগঠনের নেতারা জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের কাছে স্মারকলিপি দেন। মানববন্ধনে হেফাজতে ইসলামের নেতাকর্মী, আলেম-ওলামা ও ধর্মপ্রাণ মুসল্লিরা অংশ নেন। স্মারকলিপিতে বলা হয়, বাংলাদেশ দীর্ঘদিন ধরে বিভিন্ন ধর্মের মানুষের সহাবস্থান ও সম্প্রীতির দেশ। তবে সম্প্রতি ইসকনের ● ২-এর পাতায় দেখুন


জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন উপলক্ষে কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভায় সভাপতির বক্তব্য রাখছেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

চাঁদপুরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপনের লক্ষে প্রস্তুতি সভা

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস যথাযথ মর্যাদায় পালন করা হবে

----------জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান

স্টাফ রিপোর্টার

চাঁদপুর জেলা প্রশাসনের উদ্যোগে স্বরাষ্ট্রমন্ত্রনালয়ের নির্দেশনা অনুযায়ী আগামী ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন উপলক্ষে কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

০২ নভেম্বর (সোমবার) সকাল ১১টায় চাঁদপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসক সম্মেলন কক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতির বক্তব্য রাখেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান। সভাপতির বক্তব্যে তিনি বলেন, দিবসটি যথাযথ মর্যাদায় পালন করা হবে। এ উপলক্ষে ৭ নভেম্বর জেলা প্রশাসক সম্মেলন কক্ষে সকাল ৯টায় আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

বিকাল ৩টায় ফুটবল ম্যাচ এবং সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান হবে। জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের মূল চেতনা এবং দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষার ইতিহাস নতুন প্রজন্মকে জানাতে হবে। স্থানীয় স্কুল-কলেজের শিক্ষার্থীদের জন্য রচনা প্রতিযোগিতার আয়োজন করার নির্দেশনা ● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ডাকাতির প্রস্তুতিকালে অস্ত্রসহ গ্রেফতার ২

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তরে ডাকাতির প্রস্তুতিকালে দেশীয় অস্ত্র ও ডাকাতির সরঞ্জামসহ দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার (২ নভেম্বর) রাতভর অভিযান


মতলবে দেশীয় অস্ত্রসহ আন্তঃজেলা ডাকাত দলের দুই সদস্য গ্রেফতার।

পরিচালনা করে ভোররাতে উপজেলার সাদুল্ল্যাপুর ইউনিয়নের গাজীরগাছখলা এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়। এ সময় তাদের কাছ থেকে তিনটি রামদা, তালা কাটার যন্ত্র, চারটি লোহার রড ও চারটি কালো কাপড়ের মুখোশ উদ্ধার করা হয়েছে। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন কুমিল্লার দাউদকান্দি উপজেলার পিপিয়াকান্দি গ্রামের মহসিন (৩৯) এবং ● ২-এর পাতায় দেখুন


চাঁদপুর প্রেস ক্লাবের সিনিয়র সদস্য গুরুতর অসুস্থ্য সাংবাদিক মুনির চৌধুরীকে দেখতে চাঁদপুর সদর হাসপাতালে যান চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী, সাধারণ সম্পাদক এম এ লতিফসহ অন্যান্যরা।

চাঁদপুর প্রেস ক্লাবের সিনিয়র সদস্য সাংবাদিক মুনির চৌধুরী অসুস্থ্য:দোয়া কামনা

শহর প্রতিনিধি

চাঁদপুর প্রেস ক্লাবের সিনিয়র সদস্য দৈনিক চাঁদপুর দর্পনের প্রধান সম্পাদক দৈনিক দিনকালের জেলা প্রতিনিধি মুনির চৌধুরী গুরুতর অসুস্থ পড়েছেন। তিনি অসুস্থ হয়ে পড়লে তাকে দ্রুত গতকাল সোমবার দুপুরে ২৫০শয্যা বিশিষ্ট চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালে ● ২-এর পাতায় দেখুন

৫ নভেম্বর চাঁদপুর প্রেস ক্লাবে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ক্যাম্প

নিজস্ব প্রতিবেদক

চাঁদপুর প্রেস ক্লাবের উদ্যোগে সাংবাদিক ও তাঁদের পরিবারের সদস্যদের জন্য আগামী ৫ নভেম্বর ২০২৬, বৃহস্পতিবার সকাল ৯টায় মেডিকেল ক্যাম্প উদ্বোধন হবে। দিনব্যাপী বিনামূল্যে ডায়াবেটিস চিকিৎসা, চক্ষু পরীক্ষা ও সাধারণ স্বাস্থ্যসেবা ক্যাম্প অনুষ্ঠিত হবে।

ওইদিন সকাল সাড়ে ৯টায় চাঁদপুর প্রেস ক্লাব ভবনের নিচতলার কমিউনিটি সেন্টারে দ্বিতীয়বারের মতো এ স্বাস্থ্যসেবা ক্যাম্পের উদ্বোধন করা হবে। এতে চাঁদপুর প্রেস ক্লাবের সদস্য, চাঁদপুর টেলিভিশন সাংবাদিক ফোরামের সদস্য, চাঁদপুর জেলা ফটোজার্নালিস্ট অ্যাসোসিয়েশনের সদস্য, তাঁদের পরিবারের সদস্য এবং মাঠপর্যায়ের পেশাগত সাংবাদিকরা বিনামূল্যে চিকিৎসাসেবা গ্রহণ করতে পারবেন।

চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদীর প্রেরিত এক বার্তায় এ তথ্য জানানো হয়েছে। ক্যাম্পে চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট সরকারি জেনারেল হাসপাতাল, চাঁদপুর ডায়াবেটিক হাসপাতাল ● ২-এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স
WALTON KONKA GREE কোম্পানির সকল মালামাল পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: স্টেশন বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

চাঁদপুর জেলায় শতভাগ বই পৌঁছেছে : জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা

স্টাফ রিপোর্টার

'জেলায় শতভাগ বই পৌঁছেছে'- এমন কথাই ১ নভেম্বর জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোছাদ্দেক হোসেন জানিয়েছেন। ইতোমধ্যেই জেলার স্ব স্ব উপজেলার বই সংরক্ষণাগারে ঢাকা থেকে সরকারি নির্দেশমতে ও ব্যবস্থাপনায় স্ব-স্ব উপজেলায় পৌঁছেছে । চাঁদপুরে প্রাথমিকে ১২ লাখ ৭ হাজার ৬ শ ২ কপি নতুন বই বরাদ্দ অনুযায়ী পাওয়া গেছে।

২০২৭ সালের ১ জানুয়ারি বই বিতরণ করার প্রাথমিক স্কুলের ১ম- ● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে ২ ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমানা

সদর প্রতিনিধি

মহামায়া এবং হাজীগঞ্জের বাকিলা ও বলাখাল বাজারে অভিযান চালিয়ে বিভিন্ন অনিয়মের দায়ে দুই প্রতিষ্ঠানকে ১২ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

সোমবার (২ নভেম্বর) জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চাঁদপুর জেলা কার্যালয়ের উদ্যোগে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানকালে ফ্রিজে বাসি খাবার বিক্রির উদ্দেশ্যে সংরক্ষণ এবং ● ২-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী
৩ নভেম্বর ২০২৬
মঙ্গলবার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন


চাঁদপুরে যুব দিবসের সচেতনতামূলক সভায় প্রধান অতিথি চাঁদপুর পুলিশ সুপার মিজানুর রহমান কে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

চাঁদপুরে যুব দিবসের সচেতনতামূলক সভা

নিজস্ব প্রতিনিধি

"দক্ষ যুব গড়বে দেশ, সবার জন্য বাংলাদেশ" এই প্রতিপাদ্যকে সামনে রেখে জাতীয় যুব দিবস ২০২৬ উদযাপন উপলক্ষে চাঁদপুরে সপ্তাহব্যাপী কর্মসূচির অংশ হিসেবে এক বিশেষ সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (০২ নভেম্বর, ২০২৬) সকালে চাঁদপুর ● ২-এর পাতায় দেখুন



মতলব উত্তরে ৪ বছরের শিশুকে ধর্ষণের অভিযোগে পুলিশের হাতে আটক দেলোয়ার শিকদার।

মতলবে শিশুকে ধর্ষণের অভিযোগে বৃদ্ধা গ্রেফতার

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তরে চার বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে ৬৫ বছর বয়সী এক বৃদ্ধার বিরুদ্ধে। অভিযুক্ত দেলোয়ার শিকদার ওরফে দেলু শিকদারকে পুলিশ হেফাজতে নেয়া হয়েছে। এ ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়লে ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি ● ২-এর পাতায় দেখুন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

লক্ষ্মীপুর মোহাম্মদিয়া দাখিল মাদরাসার এডহক কমিটি অনুমোদন



শহর প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলার লক্ষ্মীপুর মোহাম্মদিয়া দাখিল মাদরাসার সভাপতি মনোনয়নসহ চার সদস্যবিশিষ্ট এডহক কমিটি অনুমোদন দিয়েছে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

গত ২৮ অক্টোবর ২০২৬ তারিখে বোর্ডের এক প্রজ্ঞাপনে এ অনুমোদন দেয়া হয়।

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদরাসার গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০২৫-এর সংশ্লিষ্ট বিধান অনুসারে এ কমিটি অনুমোদন করা হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়, মাদরাসার পরিচালনার জন্য মনোনীত সদস্যদের সমন্বয়ে এডহক কমিটি গঠন করা হয়েছে। কমিটির মেয়াদ হবে পরবর্তী ছয় মাস।

অনুমোদিত কমিটিতে সভাপতি হিসেবে মনোনীত হয়েছেন শরীফ মোঃ আশরাফুল হক। অভিভাবক সদস্য হিসেবে রয়েছেন ছাইদ হোসেন বেপারী। সাধারণ শিক্ষক সদস্য হিসেবে মনোনীত হয়েছেন মোহাম্মদ আবুল বাশার। এ ছাড়া সদস্য সচিব হিসেবে দায়িত্ব ● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে অবৈধ ড্রেজার মেশিন ধ্বংস করল প্রশাসন

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে অবৈধভাবে ড্রেজার মেশিন দিয়ে বালু উত্তোলনের অভিযোগে অভিযান চালিয়ে একটি ড্রেজার মেশিন ও পাইপ ধ্বংস করেছে উপজেলা প্রশাসন।

রোববার (৩১ অক্টোবর) বিকেলে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. আনিছুর রহমানের নেতৃত্বে উপজেলার রূপসা উত্তর ইউনিয়নের দক্ষিণ বদরপুর এলাকার হাজীবাড়ি (মাস্টার বাড়ি)সংলগ্ন বিলে এ অভিযান পরিচালনা করা হয়।

মোবাইল কোর্টের অভিযানে ● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে ইয়াবাসহ গ্রেপ্তার জুলহাস

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে ৫১১ পিস ইয়াবা ট্যাবলেটসহ জুলহাস (৫৫) নামের এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার (২ নভেম্বর) রাত সাড়ে সাতটার দিকে হাজীগঞ্জ পৌরসভার খাটরা বিলওয়াই এলাকায় স্টেট ফার্স্ট কুরিয়ার সার্ভিসের সামনে পাকা সড়কে অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করা হয়। পুলিশের দেওয়া তথ্য ● ২-এর পাতায় দেখুন

হাইমচরে ইয়াবাসহ যুবক গ্রেপ্তার

হাইমচর প্রতিনিধি

হাইমচরে পুলিশের বিশেষ অভিযানে দুই পিস ইয়াবা ট্যাবলেটসহ মোঃ মাহমুদুর রহমান পাটোয়ারী ওরফে রাহুল (২৫) নামে এক যুবককে গ্রেপ্তার করা হয়েছে।

রোববার (১ নভেম্বর) সন্ধ্যা ৭টা ৪৫ মিনিটে উপজেলার ৬নং ওয়ার্ডের উত্তর গন্ডামারা এলাকার মক্তব মসজিদের সামনে পাকা সড়ক ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে ৭টি কলেজে মৌলিক প্রশিক্ষণ

দেশপ্রেম ও দক্ষ জনশক্তি গড়ে তোলার প্রত্যয় আনসার ও ভিডিপির

স্টাফ রিপোর্টার

জননিরাপত্তা রক্ষা, আর্থসামাজিক উন্নয়ন এবং যুবসমাজের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে চাঁদপুর জেলার সাতটি উপজেলায় একযোগে শুরু হয়েছে কলেজভিত্তিক ১০ দিনব্যাপী ভিডিপি মৌলিক প্রশিক্ষণ। গত ১ নভেম্বর ২০২৬ থেকে শুরু হওয়া এই প্রশিক্ষণ চলবে আগামী ১০ দিন পর্যন্ত। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উদ্যোগে জেলার ৭টি কলেজের মোট ৪৩০ জন শিক্ষার্থী এই প্রশিক্ষণে অংশগ্রহণ করছেন। বাহিনীর পক্ষ থেকে জানানো হয়, কলেজপড়ুয়া তরুণ প্রজন্মের মধ্যে দেশপ্রেম, সামাজিক দায়বদ্ধতা, নেতৃত্বের গুণাবলি, শৃঙ্খলাবোধ এবং স্বেচ্ছাসেবী মানসিকতা বিকাশের মাধ্যমে ● ২-এর পাতায় দেখুন

১২ কেজি এলপিজি সিলিন্ডারের দাম বাড়ল ২২৩ টাকা

দিগন্ত ডেস্ক

দেশের বাজারে দেড় মাসের বেশি সময় ধরে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) সরবরাহে ঘাটতি। ফলে নির্ধারিত দামের চেয়ে ৫০০ থেকে ৭০০ টাকা বাড়তি দিয়ে কিনতে হচ্ছে বাজারে সবচেয়ে বেশি ব্যবহৃত ১২ কেজির এলপিজি সিলিন্ডার। এর ওপর এখন দাম বেড়েছে ২২৩ টাকা। গত মাসেও দাম বেড়েছিল ২১২ টাকা।

সোমবার (০২ নভেম্বর) নতুন দাম ঘোষণা করেছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। প্রতি মাসেই দাম সমন্বয় করে সংস্থাটি। গত মাসে ১২ কেজি সিলিন্ডারের দাম নির্ধারণ করে দিয়েছিল ১ হাজার ৮৩৭ টাকা। বিইআরসি এখন নতুন দাম ঠিক করেছে ২ হাজার ৬০ টাকা। যদিও দেড় মাস ধরে বাজারে এটি বিক্রি হচ্ছে ● ২-এর পাতায় দেখুন

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে
৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে: Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

SE মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta সত্য প্রকাশে অবিচল
মঙ্গলবার ৩ নভেম্বর ২০২৬, ১৮ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ২২ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

হকারদের দখলে হাজীগঞ্জ বড় মসজিদ প্রাঙ্গন, নষ্ট হচ্ছে পবিত্রতা-ঐতিহ্য



হকারদের দখলে হাজীগঞ্জ বড় মসজিদ প্রাঙ্গন।

স্টাফ রিপোর্টার

দৃষ্টি নন্দন স্থাপনা আর উচ্চ মিনার শতবর্ষের দাঁড়িয়ে রয়েছে হাজিগঞ্জ ঐতিহাসিক বড় মসজিদ। সময়ের সাথে সাথে ছোট একটি ইবাদতখানা থেকে আজ হয়ে উঠেছে এ জেলার ঐতিহ্য ও বিশ্বাসের এক অনন্য নিদর্শন।
বর্তমানে এই বড় মসজিদটির বাউন্ডারির ভিতরে জমজমাট হয়ে উঠেছে বিভিন্ন প্রকার কাঁচা তরকারি ফল ও অন্যান্য জিনিসপত্র বেচা কেনার জন্য ছোট ছোট দোকান। মসজিদের বাউন্ডারির ভিতরে বর্তমানে হকারদের দখলে রয়েছে। একদিকে নষ্ট হচ্ছে এর পবিত্রতা অন্যদিকে হারিয়ে যাচ্ছে এর সৌন্দর্য।
প্রতি শুক্রবারে এখানে হাজার হাজার মুসল্লী এসে নামাজ পড়ে থাকেন। অথচ সেই পবিত্র স্থানটিকে দখল করে আছে হকাররা। পুরো এলাকা জুড়ে বাজার বসে আছে এক ধরনের অসাধু ব্যবসায়ীরা।
এখানে ইবাদতের পাশাপাশি দ্বীনি শিক্ষার ছড়িয়ে পড়েছে। দূরদূরান্ত থেকে লোকজন ছুটে আসছে এই ঐতিহাসিক মসজিদটি দেখার জন্য।
২৮ হাজার বর্গফুট নিয়ে নির্মিত এই ঐতিহাসিক মসজিদটি। ১৯৩০ খ্রিস্টাব্দে হাজী আলি আহমেদ পাটোয়ারী এর নিজ উদ্যোগে গড়ে ওঠা এই মসজিদের ভিত্তি প্রস্তর স্থাপন করেন মাওলানা আবুল খাড়া জৈনপুরি। এই মসজিদের ইতিহাস ঐতিহ্য জানতে দেশ বিদেশ থেকে লোকজন ছুটে আসে। শতবর্ষের ঐতিহ্য নিয়ে দাঁড়িয়ে আছে এই ঐতিহাসিক মসজিদটি।
১৯৬৭ সালে নির্মাণ কাজ শেষে প্রথম জুমার নামাজ অনুষ্ঠিত হয়। জুমার নামাজে উপস্থিত ছিলেন অবিভক্ত বাংলার তৎকালীন মুখ্যমন্ত্রী শেরে বাংলা এ কে এম ● ৩-এর পাতায় দেখুন

বাড়ল অটোগ্যাসের দামও, রাত থেকেই কার্যকর

দিগন্ত ডেস্ক

যানবাহনে ব্যবহৃত অটোগ্যাসের দাম প্রতি লিটারে ৭ টাকা ৩৩ পয়সা বাড়িয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, অটোগ্যাসের দাম ৮৪ টাকা ৬২ পয়সা থেকে বাড়িয়ে ৯১ টাকা ৯৫ পয়সা নির্ধারণ করা হয়েছে।
সোমবার এক বার্তায় নতুন দাম ঘোষণা করে কমিশন। আজ রাত ৮টা থেকে এ মূল্য কার্যকর হবে।
এদিকে, ১২ কেজি তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) সিলিন্ডারের দামও ২২৩ টাকা বাড়ানো হয়েছে। ফলে নতুন নির্ধারিত দাম দাঁড়িয়েছে ২ হাজার ৬০ টাকা। বিইআরসি জানায়, আন্তর্জাতিক বাজারে প্রোপেন ও বিউটেনের দাম, আমদানি ব্যয়, ডলারের বিনিময় হার এবং পরিবহনসহ সংশ্লিষ্ট খরচ বিবেচনায় নিয়ে এলপিজির দাম নির্ধারণ করা হয়। এসব বিষয় প্রতি মাসে
● ৩-এর পাতায় দেখুন

সার ব্যবস্থাপনায় অনিয়ম পেলে ডিলারশিপ বাতিল : কৃষিমন্ত্রী

দিগন্ত ডেস্ক

কৃষি এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ বলেছেন, সার ব্যবস্থাপনায় অনিয়ম পেলে ডিলারশিপ বাতিল, কোনো কর্মকর্তা জড়িত থাকলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।
সোমবার মন্ত্রী সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে আসন্ন রবি মৌসুমে সার সরবরাহ বিষয়ে জেলা প্রশাসক ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালকদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।
কৃষি মন্ত্রণালয়ের সচিব মো. সেলিম খানের সভাপতিত্বে সভায় দেশের সব জেলা প্রশাসক ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালকগণ অনলাইনে যুক্ত ছিলেন।
মন্ত্রী বলেন, সার বিতরণ ও ব্যবস্থাপনায় কোনো ধরনের অনিয়ম, দুর্নীতি কিংবা কৃষক হয়রানির অভিযোগ পাওয়া গেলে নতুন নিয়োগপ্রাপ্ত সার ডিলারের লাইসেন্স বাতিল করা হবে। একই সঙ্গে সার ব্যবস্থাপনায় কোনো কর্মকর্তা অনিয়মের সঙ্গে জড়িত থাকলে তার বিরুদ্ধেও যথাযথ ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন তিনি।
সভায় সার ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করে মন্ত্রী বলেন, নতুন ডিলার হিসেবে নিয়োগপ্রাপ্তদের লাইসেন্স প্রদানের পাশাপাশি তাদের ডিলারশিপ এলাকা নির্ধারণ করতে হবে। এক্ষেত্রে জমির পরিমাণ, কৃষকের সংখ্যা ও ফসলের নিবিড়তা বিবেচনায় নিতে হবে। নিয়ম লঙ্ঘনকারী ডিলারদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
তিনি বলেন, সরকারের নির্ধারিত মূল্যে সার বিক্রি নিশ্চিত করতে হবে। প্রতিটি ডিলারের দোকানে মূল্যতালিকা ● ৩-এর পাতায় দেখুন

এলপিজির দাম অস্বাভাবিক বৃদ্ধি জনজীবনে নতুন সংকট সৃষ্টি করবে : জামায়াত

দিগন্ত ডেস্ক

এলপিজির দাম অস্বাভাবিক বৃদ্ধি জনজীবনে নতুন সংকট সৃষ্টি করবে বলে জানিয়েছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। সোমবার দলের পক্ষ থেকে এক বিবৃতিতে তিনি এ কথা জানান।
বিবৃতিতে গোলাম পরওয়ার বলেন, ১২ কেজি এলপিজি সিলিন্ডারের দাম এক লাফে ২২৩ টাকা বাড়িয়ে ২ হাজার ৬০ টাকা নির্ধারণ করায় আমরা গভীর উদ্বেগ প্রকাশ করছি এবং এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি।
তিনি বলেন, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে দেশের সাধারণ মানুষ যখন দিশেহারা, তখন এলপিজির দাম আবারও অস্বাভাবিকভাবে বাড়ানো জনজীবনে নতুন করে দুর্ভোগ সৃষ্টি করবে। মাত্র এক মাসের ব্যবধানে ১২ কেজি সিলিন্ডারের দাম ২২৩ টাকা বৃদ্ধি সাধারণ মানুষের
● ৩-এর পাতায় দেখুন



সাংবাদিক এস এম সোহেলের বাবা মারা গেছেন

স্টাফ রিপোর্টার

চাঁদপুর পৌর ২ নং ওয়ার্ড বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও চাঁদপুর জেলা ফটো জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের সিনিয়র সহ-সভাপতি সাংবাদিক এস এম সোহেলের বাবা শফিক তাইনি মারা গেছেন।
(ইন্নালিল্লাহি ওয়াইন্নাইলাহি রাজিউন)।
সোমবার ২ নভেম্বর রাত ৯ টায় তিনি পুরান বাজার মমিনবাগ এলাকায় মারা যান। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭০ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, তিন ছেলে, এক মেয়ে, নাতি নাতনি সহ অসংখ্য আত্মীয়-স্বজন রেখে যান।
মঙ্গলবার ফজরের নামাজ শেষে
● ৩-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে কর্মদক্ষতা ও মানবিক সেবায় আস্থা অর্জন করছেন এসিল্যান্ড আনিসুর রহমান

নিজস্ব প্রতিনিধি

সরকারি দপ্তর মানেই ভোগান্তি, দীর্ঘসূত্রতা আর মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য-সাধারণ মানুষের মধ্যে প্রচলিত এমন ধারণা বদলে দিতে চান চাঁদপুরের ফরিদগঞ্জ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. আনিসুর রহমান। অমায়িক আচরণ, কর্মদক্ষতা ও মানবিক সেবার মাধ্যমে সাধারণ মানুষের আস্থা অর্জনের চেষ্টা করছেন নবাগত এই কর্মকর্তা। আইনের কঠোর প্রয়োগ, মানবিক আচরণ, স্বচ্ছতা ও জবাবদিহির সমন্বয়ে একটি জনবান্ধব ভূমি কার্যালয় গড়ে তোলার প্রত্যয় নিয়ে শুরু হয়েছে তাঁর নতুন পথচলা। তবে এই পথচলা সহজ নয়। কার্যালয়ের গুরুত্বপূর্ণ প্রায় সব পদেই নতুন কর্মকর্তা-



কর্মচারী। নতুন জনবল, নতুন কর্মপরিকল্পনা এবং নতুন কর্মপরিবেশে একটি কার্যকর সেবাব্যবস্থা গড়ে তোলাই এখন তাঁর সামনে অন্যতম চ্যালেঞ্জ।
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে দায়িত্ব পালনের পর সহকারী কমিশনার (ভূমি) হিসেবে প্রথম কর্মস্থল পেয়েছেন চাঁদপুরের ফরিদগঞ্জ উপজেলায়। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কার্যালয় সূত্রে জানা যায়, ২০২৬ সালের অক্টোবর মাসে তিনি এ পদে যোগদান করেন।
দায়িত্ব গ্রহণের পর থেকেই জনস্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সক্রিয় ভূমিকা রাখতে দেখা গেছে তাঁকে। গত ১২ অক্টোবর রূপসা উত্তর ইউনিয়নের পূর্ব বদরপুর এলাকায় অবৈধ ড্রেজার অপসারণে ● ৩-এর পাতায় দেখুন

চাঁদপুরে দেড় হাজার কুকুরকে দেয়া হচ্ছে জলাতঙ্ক প্রতিষেধক টিকা

শহর প্রতিনিধি

কুকুরের কামড়জনিত জলাতঙ্ক রোগ মুক্ত চাঁদপুর শহর গড়ার লক্ষ্যে বিনামূল্যে বেওয়ারিশ কুকুরকে জলাতঙ্কের টিকা (রেবিস ভ্যাকসিন) প্রদান কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়েছে। রোববার (১ নভেম্বর, ২০২৬) বিকেলে চাঁদপুর পৌর পাঠাগার সংলগ্ন এলাকায় চাঁদপুর পৌরসভার অর্থায়ন ও ব্যবস্থাপনায় পৌর এলাকার ভ্রাম্যমান (বেওয়ারিশ) কুকুরের জন্য জলাতঙ্ক রোগ প্রতিরোধী টিকা প্রদান কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন চাঁদপুর-৩ (সদর ও হাইমচর) আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।
উদ্বোধনী অনুষ্ঠানে স্থানীয় সংসদ সদস্য বলেন, "নাগরিক স্বাস্থ্য সুরক্ষা ও জলাতঙ্ক মুক্ত সমাজ গঠনে পরিবেশবান্ধব এ ধরনের উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয়। কুকুর নিধন
● ৩-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে জনবল সংকটে তথ্য আপা সেবা, ভোগান্তিতে গ্রামীণ নারীরা

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে তীব্র জনবল সংকট এবং অনুপযুক্ত কার্যালয়ের কারণে নারী ক্ষমতায়ন ও তথ্যপ্রযুক্তিভিত্তিক বিশেষ উদ্যোগ 'তথ্য আপা' প্রকল্পের কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। উপজেলার গ্রামীণ নারীদের ডিজিটাল সেবা ও আইনি সহায়তা দেওয়ার এই গুরুত্বপূর্ণ কেন্দ্রটি বর্তমানে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে।
প্রকল্প অফিস সূত্রে জানা যায়, উপজেলা পর্যায়ে তথ্য আপা প্রকল্পের মোট চারটি পদ থাকার কথা থাকলেও বর্তমানে কর্মরত আছেন মাত্র দুজন। পদগুলোর মধ্যে তথ্যসেবা কর্মকর্তা ও একজন তথ্যসেবা সহকারীর পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। বর্তমানে তথ্যসেবা সহকারী ইসরাত জাহানকে অতিরিক্ত দায়িত্ব হিসেবে তথ্যসেবা কর্মকর্তার কাজ সামলাতে হচ্ছে এবং অফিস সহায়ক হিসেবে কর্মরত রয়েছেন কেবল মো. জাকির হোসেন। সীমিত এই জনবল দিয়ে পুরো উপজেলার নারীদের সেবা দিতে গিয়ে রীতিমতো হিমশিম খেতে হচ্ছে তাঁদের।
এদিকে কার্যালয়ের অবস্থান নিয়েও সেবাগ্রহীতাদের মধ্যে তীব্র ক্ষোভ ও অসন্তোষ রয়েছে। উপজেলা সদরের জনবহুল ও সহজে যাতায়াতযোগ্য স্থান ছেড়ে কিছুটা দূরে একটি নির্মাণাধীন ভবনের পেছনের অংশে দ্বিতীয় তলায় এই কার্যালয় স্থাপন করা হয়েছে। ফলে প্রথমবারের মতো সেবা নিতে আসা গ্রামীণ নারীরা সঠিক ঠিকানার খোঁজে চরম ভোগান্তির শিকার হন।
অতিরিক্ত দায়িত্বে থাকা তথ্যসেবা কর্মকর্তা ইসরাত জাহান জানান, পর্যাপ্ত জনবল না থাকায় আমাদের হিমশিম খেতে হচ্ছে। এছাড়া কার্যালয়টি উপজেলা চত্বরে বা জনবহুল স্থানে হলে সেবাগ্রহীতাদের যাতায়াত সহজ হতো।" এ বিষয়ে ফরিদগঞ্জ উপজেলা ● ৩-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ৪ বছরেও মেলেনি লাভলু মেম্বার হত্যার বিচার



ইউপি সদস্য ছলিম উল্লাহ (লাভলু)।

মতলব উত্তর প্রতিনিধি

৪ বছর পেরিয়ে গেলেও চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলার ১১নং ফতেপুর পশ্চিম ইউনিয়নের সাবেক জনপ্রিয় ইউপি সদস্য ছলিম উল্লাহ (লাভলু)-এর নির্মম হত্যাকাণ্ডের বিচার মেলেনি। পরিবারের সদস্য ও স্থানীয় বাসিন্দাদের মধ্যে এখনও বিরাজ করছে তীব্র ক্ষোভ ও হতাশা।
উল্লেখ্য, ২০২২ সালের ২ নভেম্বর এক মর্মান্তিক হামলায় প্রাণ হারান স্থানীয় জনবান্ধব এই প্রতিনিধি। ৪ নভেম্বর তাঁর চতুর্থ মৃত্যুবার্ষিকী উপলক্ষে সামাজিক যোগাযোগমাধ্যমে একটি আবেগঘন বার্তা প্রকাশ করেন মরহুমের সন্তান। সেখানে বাবাকে হারানোর গভীর বেদনা প্রকাশের পাশাপাশি এ হত্যাকাণ্ডের দ্রুত ও সুষ্ঠু বিচারের আকুল দাবি জানানো হয়।
সাধারণের ভালোবাসায় সিক্ত এক জনপ্রতিনিধি স্মৃতিচারণে লাভলু মেম্বারকে ফতেপুর পশ্চিম ইউনিয়নের খেটে খাওয়া ও সাধারণ মানুষের অত্যন্ত আপনজন হিসেবে উল্লেখ করা হয়। পরিবারের পক্ষ থেকে অভিযোগ করা হয় যে, তাঁর ক্রমবর্ধমান জনপ্রিয়তা ও রাজনৈতিক প্রভাব সহ্য করতে না পেরে প্রতিপক্ষের দুর্বৃত্তরা তাঁকেই লক্ষ্যবস্তু ● ৩-এর পাতায় দেখুন

মক্কায় ২ বাংলাদেশির শিরশ্ছেদ : তিন সপ্তাহেও সৌদির জবাব পায়নি ঢাকা

দিগন্ত ডেস্ক

মক্কায় দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড কার্যকরের বিষয়ে বিস্তারিত তথ্য জানতে সৌদি আরবের কাছে চিঠি পাঠিয়েছিল বাংলাদেশ সরকার। তবে চিঠি দেওয়ার তিন সপ্তাহ পেরিয়ে গেলেও এখন পর্যন্ত সৌদি কর্তৃপক্ষের কাছ থেকে কোনো জবাব পায়নি ঢাকা। বিষয়টি নিয়ে সৌদি সরকারের উত্তরের অপেক্ষায় রয়েছে বাংলাদেশ।
সোমবার (২ নভেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ তথ্য জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম।
শামা ওবায়েদ ইসলাম বলেছেন, সৌদি সরকারের উত্তরের অপেক্ষায় আছেন তারা। সৌদি আরবের সাথে আমাদের মিশন যোগাযোগ অব্যাহত রেখেছে। আমরা আশা করি যে, শিগগিরই আমরা ওখান
● ৩-এর পাতায় দেখুন



কচুয়ায় আলিম পরীক্ষায় সাফল্যের শীর্ষে নিশ্চিন্তপুর ডিএস কামিল মাদরাসা

কচুয়া প্রতিনিধি

কচুয়া উপজেলার ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান নিশ্চিন্তপুর ডিএস কামিল মাদরাসা ২০২৬ সালের আলিম পাবলিক পরীক্ষার ফলাফলে উপজেলা পর্যায়ে প্রথম স্থান অর্জন করেছে। এ সাফল্যে প্রতিষ্ঠানটির শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে আনন্দের সৃষ্টি হয়েছে।
জানা গেছে, ২০২৬ সালের আলিম পরীক্ষায় প্রতিষ্ঠানটি থেকে মোট ৪৯ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন এরমধ্যে ৪৭ জন উত্তীর্ণ হন। পরীক্ষায় পাসের হার ৯৫.৮২% শতাংশ। পাশাপাশি মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে কচুয়া উপজেলায় একমাত্র জিপিএ-৫ অর্জনকারী ● ৩-এর পাতায় দেখুন

দুই দিনের ব্যবধানে আবার বাড়ল সোনার দাম, ভরি ২ লাখ ২০ হাজার ৮৫৮ টাকা

নিজস্ব প্রতিবেদক

দুই দিনের ব্যবধানে সবচেয়ে ভালো মানের ২২ ক্যারেট সোনার দাম ভরিতে ৩ হাজার ২৬৬ টাকা বাড়িয়েছে বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস)। তাতে প্রতি ভরি সোনার দাম বেড়ে দাঁড়িয়েছে ২ লাখ ২০ হাজার ৮৫৮ টাকা। সোমবার সকাল ১০টা থেকে সারা দেশে নতুন এ দরে সোনা বিক্রি হচ্ছে। অন্যান্য মানের সোনার দামও বাড়ানো হয়েছে। এর আগে টানা চার দফায় ২২ ক্যারেট সোনার দাম ভরিতে মোট ১০ হাজার ৪৩৯ টাকা কমানোর পর গত ২৮ অক্টোবর ২ হাজার ২১৬ টাকা বাড়ানো হয়েছিল। পরদিন ২৯ অক্টোবর আরও ১ হাজার ৬৩৩ টাকা বাড়ানো হয়। তাতে প্রতি ভরি সোনার দাম দাঁড়ায় ২ লাখ ২৪ হাজার ৭০৭ টাকা। দুই দিনে দাম বেড়েছিল ৩ হাজার ৮৪৯ টাকা। এরপর ৩০ অক্টোবর ভরিতে ১ হাজার ৬৩৩ টাকা এবং ৩১ অক্টোবর ৫ হাজার ৪৮২ টাকা কমানো হয়। দুই দফায় দাম কমেছিল ৭ হাজার ১১৫ টাকা। তার আগে দুই সপ্তাহে চার দফায় ২২ ক্যারেট সোনার দাম ভরিতে ১০ হাজার ৪৩৯ টাকা কমিয়েছিল বাজুস। এর মধ্যে ১৩ অক্টোবর ৩ হাজার ২৬৬ টাকা, ২২ অক্টোবর ১ হাজার ৬৯১ টাকা, ২৩ অক্টোবর ২ হাজার ১৫৮ টাকা এবং ২৫ অক্টোবর ৩ হাজার ৩২৪ টাকা কমানো হয়। এরও আগে ৯ অক্টোবর এই মানের সোনার দাম ভরিতে ২ হাজার ২১৬ টাকা বাড়ানো হয়েছিল। চলতি বছরের ২৯ জানুয়ারি আন্তর্জাতিক বাজারের সঙ্গে তাল মিলিয়ে দেশের বাজারে ২২ ক্যারেট সোনার দাম ভরিতে ২ লাখ ৮৬ হাজার ১ টাকা পর্যন্ত উঠেছিল। এটি ছিল দেশের বাজারে সোনার সর্বোচ্চ দাম। এরপর থেকে কয়েক দফা দাম বাড়ানো ও কমানোর মধ্য দিয়ে দেশের বাজারে ● ৩-এর পাতায় দেখুন

পোশাকের বাইরে নতুন চমক, চুল রফতানিতে রেকর্ড প্রবৃদ্ধি বাংলাদেশের

নিজস্ব প্রতিবেদক

নাপিতের দোকানে চুল কাটার পর মেঝেতে পড়ে থাকা চুল কিংবা চিরুনিতে জমে থাকা চুল অনেকের কাছেই বর্জ্য। অথচ সেই ফেলে দেওয়া চুলই এখন আন্তর্জাতিক বাজারে মূল্যবান পণ্য। এসব চুল দিয়ে তৈরি হচ্ছে উইগ, হেয়ার এক্সটেনশন ও হেয়ারপিস। আর এই চুল ও উইগ রফতানি করেই বৈদেশিক মুদ্রা আয় করছে বাংলাদেশ। চলতি অর্থবছরের প্রথম চার মাসে (জুলাই-অক্টোবর) দেশের উইগ ও মানবচুল রফতানিতে প্রবৃদ্ধি হয়েছে ৮৬ দশমিক ৪ শতাংশ। পণ্যভিত্তিক রফতানি তালিকায় এটিই সর্বোচ্চ প্রবৃদ্ধি।
রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) পণ্যভিত্তিক পরিসংখ্যান অনুযায়ী, ২০২৬-২৭ অর্থবছরের জুলাই-অক্টোবর সময়ে উইগ ও মানবচুল রফতানি করে বাংলাদেশ আয় করেছে ৯ কোটি ৪০ লাখ ডলার। আগের অর্থবছরের একই ● ৩-এর পাতায় দেখুন

উত্তর রাড়ীকান্দি জামে মসজিদে এম ইলিয়াছ আলীর মিলাদ ও দোয়া মাহফিল

শামীম মিয়াজী

মতলব উত্তর উপজেলার ফতেপুর পশ্চিম ইউনিয়নের উত্তর রাড়ীকান্দি জামে মসজিদে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি এবং সার্বিক কল্যাণ কামনায় আয়োজিত এ মাহফিলে বিশেষ মোনাজাত করা হয়। পাশাপাশি স্থানীয় মুসল্লিদের সঙ্গে মতবিনিময় করেন ফতেপুর পশ্চিম ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী ও ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক এম ইলিয়াছ আলী।
সোমবার (২ নভেম্বর) বাদ আসর এম ইলিয়াছ আলীর উদ্যোগে এ মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।
মাহফিলে স্থানীয় মুসল্লি ও এলাকাবাসী অংশগ্রহণ করেন। মিলাদ ও দোয়া শেষে দেশ, জাতি, মুসলিম উম্মাহ এবং এলাকার সার্বিক উন্নতি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।
এ সময় চেয়ারম্যান পদপ্রার্থী এম ইলিয়াছ আলী আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতা করার প্রত্যাশা ব্যক্ত
● ৩-এর পাতায় দেখুন

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার
ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় ঃ শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা
সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মুত্রথলি, মুত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যাধি, ডায়াবেটিক, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস
সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এম.এসিপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।
ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, স্তন (ব্রেস্ট), নিঃসন্তান দম্পত্তি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।
ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ডায়াবেটলজি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, পোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দুর্বলতা, ইউরোলজী, এন্ডোলজী, ল্যাপারেস্কপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএন (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)
ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পুর্ণবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (সার্জারী)
কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসার সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কপিক সার্জারী
সহকারি রেজিষ্ট্রার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)
আমাদের সেবা সমূহ
● এনআইসিইউ ● পিআইসিইউ ● সেন্ট্রাল অক্সিজেন
● মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
● সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
● উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
● ২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
● জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
● প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
● ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক ঃ *অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান*, সম্পাদক ও প্রকাশক ঃ *এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া*, নির্বাহী সম্পাদক ঃ *মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী*, যুগ্ম সম্পাদক : *আব্দুস শুকুর মস্তান*, ব্যবস্থাপনা সম্পাদক ঃ *এ্যাডভোকেট শাহজাহান খান*, যুগ্ম বার্তা সম্পাদক ঃ *আদনান আল মুরাদ*, মফস্বল সম্পাদক ঃ *এম এ গফুর*, বিশেষ প্রতিনিধি ঃ *আবু সুফিয়ান ভূইয়া*, আইটি ইনচার্জ ঃ *জি এম এমরান হোসেন* সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
মঙ্গলবার ॥ ৩ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

এইচএসসির ফলে বড় অবনতি
ত্রুটিপূর্ণ শিক্ষার ভুক্তভোগী শিক্ষার্থী কেন হবে

এবারের এইচএসসি পরীক্ষার ফল শুধু বিপর্যয় নয়, আমাদের শিক্ষাব্যবস্থার গভীর অসুখকে আবারও সামনে নিয়ে এসেছে। প্রায় অর্ধেক শিক্ষার্থী অকৃতকার্য থাকার অর্থ হচ্ছে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অনেক আসন শূন্য পড়ে থাকবে। আমরা মনে করি, গত কয়েক দশকে সম্পূর্ণ পরিকল্পিতভাবে এবং কিছু গোষ্ঠীর মুনাফার স্বার্থে শিক্ষা খাতে বিনিয়োগের নামে অবকাঠামো তৈরি করা হয়েছে, তারই প্রতিফল এই ফলাফল। কেননা, শিক্ষার্থীদের বিপরীতে পর্যাপ্তসংখ্যক যোগ্য ও মেধাবী শিক্ষক ছাড়া মানসম্মত শিক্ষা নিশ্চিত করা কখনোই সম্ভব নয়।
খবর জানাচ্ছে, এবারে নয়টি সাধারণ শিক্ষা বোর্ডে গড় পাসের হার ৫১ দশমিক ৬২ শতাংশ। এই ফলাফল ২২ বছরের মধ্যে সর্বনিম্ন। ফলাফলের সর্বোচ্চ সূচক জিপিএ-৫ প্রাপ্তির ক্ষেত্রেও গত বছরের তুলনায় এবার বড় ধাক্কা এসেছে। এবার জিপিএ-৫ পেয়েছেন ৩৫ হাজার ৯৪৮ জন, গতবারের তুলনায় ২৭ হাজার কম। শতভাগ ফেল করা শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যাও এবার বেড়েছে।
এবারের ফল বিপর্যয়ের বড় কারণ হলো ইংরেজি ও আইসিটি বিষয়ে খারাপ ফল। ঢাকা বোর্ড বাদে বাকি আটটি শিক্ষা বোর্ডে ইংরেজিতে গড় পাসের হার ৫৪ শতাংশ। কয়েক বছর ধরেই মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে খারাপ ফলের পেছনে ইংরেজি, গণিত, আইসিটিসহ বিভিন্ন বিষয়ে দুর্বলতার বিষয়টি আলোচিত হয়ে আসছে।

ইসকনের কার্যক্রম নিষিদ্ধ

(ইন্টারন্যাশনাল সোসাইটি ফর কৃষ্ণ কনশাসনেস) বিভিন্ন কর্মকাণ্ড, উসকানিমূলক কার্যক্রম এবং দেশ ও স্বাধীনতাবিরোধী অপতৎপরতা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে। এসব কর্মকাণ্ড দেশের দীর্ঘদিনের সাম্প্রদায়িক সম্প্রীতি, শান্তি ও স্থিতিশীলতার জন্য হুমকি বলে দাবি করেন সংগঠনের নেতারা।
হেফাজতে ইসলাম চাঁদপুর জেলা সভাপতি মাওলানা লিয়াকত হোসাইনের সভাপতিত্বে এবং সদর উপজেলা সাধারণ সম্পাদক মুফতি নূরে আলমের পরিচালনায় বক্তব্য রাখেন, সংগঠনের জেলা শাখার সাধারণ সম্পাদক মুফতি মাহবুবুর রহমান, সহ-সভাপতি মাওলানা হাবিবুর রহমান, মাওলানা মনিরুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক হাফেজ আবুল হাসানাত, জেলা প্রচার সম্পাদক হাফেজ কারী রশিদ আহমদ, শহর শাখার সহ সাধারণ সম্পাদক মাওলানা নুরুল ইসলাম, সদর উপজেলা সাংগঠনিক সম্পাদক হাফেজ মাওলানা ওবায়দুল্লাহ প্রমুখ
বক্তারা বলেন, বাংলাদেশের মানুষ সাম্প্রদায়িক সম্প্রীতিতে বিশ্বাসী। চাঁদপুরে আমরা সকল ধর্মের মানুষ সম্প্রীতির বন্ধনে বসবাস করছি। এখানকার সনাতনী ভাই-বোনদের সাথে আমাদের ভাতৃত্ব এবং সুসম্পর্ক রয়েছে। কিন্তু উগ্রবাদী সংগঠন ইসকনের বিতর্কিত এবং দেশবিরোধী কার্যক্রম নানান প্রশ্নের জন্ম দিচ্ছে। তাই দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও জাতীয় নিরাপত্তা রক্ষায় ইসকনের কার্যক্রমের নিরপেক্ষ তদন্ত হওয়া প্রয়োজন। একই সঙ্গে চাঁদপুর শহরের মুনসেফপাড়ায় অবস্থিত শ্রীশ্রী মহাপ্রভু নীলাচল মন্দিরের কার্যক্রম, অবস্থান, অনুমোদন ও সংশ্লিষ্ট আইনগত বিষয়গুলো খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
মানববন্ধনে বক্তারা বলেন, বাংলাদেশে ইসকনকে ঘিরে বিতর্কিত অসংখ্য কর্মকাণ্ড সংঘটিত হচ্ছে। তাদের ধর্মীয় উস্কানি মূলক ও দেশবিরোধী বক্তব্য, কর্মকাণ্ড এদেশের মানুষকে উদ্বিগ্ন করে তুলছে। ২০২৪ সালের একটি রাষ্ট্রদ্রোহের মামলায় ইসকন নেতা চিন্ময় কৃষ্ণ দাসের গ্রেপ্তারকে কেন্দ্র করে চট্টগ্রাম আদালত এলাকায় আইনজীবী সাইফুল ইসলাম আলিফ কে নির্মমভাবে হত্যা করা হয়। ধর্মীয় সংগঠনের কর্মকাণ্ডের আড়ালে কোনো ব্যক্তি বা গোষ্ঠী দেশের আইন, সংবিধান ও জাতীয় স্বার্থবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে হবে। তাই আমরা এ বিষয়ে প্রশাসনের নিরপেক্ষ তদন্ত ও যথাযথ পদক্ষেপ কামনা করছি।
স্মারকলিপিতে বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করে নিরপেক্ষ তদন্তের মাধ্যমে আইন ও বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসকের প্রতি আহ্বান জানানো হয়।
এসময় হেফাজতে ইসলাম চাঁদপুর জেলা শাখা এবং বিভিন্ন ইউনিটের শীর্ষ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

পোশাকশিল্প ধ্বংসের ষড়যন্ত্রের

ধরনের কাজে জড়িত হবেন না।'
পোশাকশিল্পের বর্তমান পরিস্থিতি তুলে ধরে জামায়াতের আমির বলেন, 'ইতোমধ্যে প্রায় ৬০০টি কারখানা বন্ধ ঘোষণা করা হয়েছে। শীত মৌসুমকে সামনে রেখে পোশাকশিল্পে যে সম্ভাবনা তৈরি হয়, তা ধ্বংস করার জন্য গভীর কোনো ষড়যন্ত্রের আশঙ্কা উড়িয়ে দেয়া যায় না।'
এ পরিস্থিতিতে মালিক-শ্রমিকসহ সব পক্ষকে আন্তরিক ও সতর্ক থাকার আহবান জানান তিনি।

সম্ভাবনাময় হাইমচরের পান

কৃষক এ চাষে আগ্রহী হয়েছেন।
পানের লতা সুস্থ রাখতে নিয়মিত পরিচর্যার পাশাপাশি পোকার আক্রমণ থেকে রক্ষায় কীটনাশক এবং ফলন বাড়াতে সার ও খৈল ব্যবহার করেন চাষিরা।
শীত মৌসুমে উৎপাদন কিছুটা কমে এলেও বছরের অধিকাংশ সময়ই পান উৎপাদন স্বাভাবিক থাকে।
পান চাষে বছরের প্রায় প্রতিটি দিনই ব্যস্ত থাকতে হয় কৃষকদের। শ্রমিকের মজুরি বেড়ে যাওয়ায় অনেক চাষি নিজেরাই পরিবারের সদস্যদের নিয়ে বরজের পরিচর্যা করেন। হাটের দিনকে সামনে রেখে আগেই বরজ থেকে পান সংগ্রহ করে বাছাই ও সাজিয়ে রাখেন। এরপর প্রতি মঙ্গলবার এলাকার নির্ধারিত হাটে এসব পান বিক্রি করেন। পাশাপাশি প্রতিদিনই চলে পাইকারি পান কেনাবেচা। স্থানীয় বাজারের চাহিদা মিটিয়ে এসব পান বিভিন্ন এলাকায় সরবরাহ করা হয়।
উত্তর আলগী ইউনিয়নের মহজমপুর গ্রামের পান চাষি ফারুকুল ইসলাম গাজী জানান, এ এলাকার অধিকাংশ মানুষই কোনো না কোনোভাবে পান চাষের সঙ্গে জড়িত। পান বিক্রির টাকা দিয়েই অনেক পরিবারের সংসার চলে। তবে বর্তমানে শ্রমিকের দৈনিক মজুরি অনেক বেশি।
অন্যদিকে পান চাষের প্রয়োজনীয় উপকরণও কিনতে হচ্ছে বাড়তি দামে। বর্তমানে এক বিড়া পান বিক্রি হচ্ছে প্রায় ৫০ টাকায়। অথচ সাধারণ ক্রেতার হাতে পৌঁছাতে সেই পান কিনতে হচ্ছে দেড়শ টাকায়। মধ্যস্বত্বভোগীদের কারণে কৃষকেরা উৎপাদিত পানের ন্যায্যমূল্য থেকে অনেক সময় বঞ্চিত হচ্ছেন।
উপজেলার নয়ানী গ্রামের পান চাষি আলমগীর হোসেন জানান, পান উৎপাদনে কিছু চ্যালেঞ্জও রয়েছে। উৎপাদন খরচ বৃদ্ধি, শ্রমিকের উচ্চ মজুরি এবং বাজারজাতকরণে মধ্যস্বত্বভোগীদের প্রভাব কৃষকদের জন্য উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। আমাদের প্রত্যাশা, পান চাষে সরকারি সহযোগিতা বৃদ্ধি, সহজ শর্তে কৃষিঋণ প্রদান এবং বাজারব্যবস্থার উন্নয়নের মাধ্যমে উৎপাদিত পানের ন্যায্যমূল্য নিশ্চিত করা হবে।
হাইমচর উপজেলা কৃষি কর্মকর্তা মো. শাকিল খন্দকার জানান, বর্তমানে উপজেলায় পানের উৎপাদন খুবই ভালো। বাজারে পানের দামও ভালো থাকায় কৃষকেরা ন্যায্যমূল্য পাচ্ছেন। পান উৎপাদন বৃদ্ধি এবং রোগবালাই থেকে বরজ রক্ষায় কৃষকদের সব সময় সহযোগিতা ও প্রয়োজনীয় পরামর্শ দেওয়া হচ্ছে। উৎপাদন ভালো হলে প্রতিবছর এ উপজেলা থেকে প্রায় ৫২ কোটি টাকার পান বিক্রি হয়ে থাকে।





চাঁদপুর জেলায় শতভাগ বই

৫ম শ্রেণির সকল উপজেলার সকল শিক্ষার্থীর শতভাগ বই পাবে বা বরাদ্দ দেয়া হয়েছে । প্রাথমিক শিক্ষার্থীগণ ১২ লাখ ৭ হাজার কপি নতুন বই প্রাপ্তিতে প্রাথমিক শিক্ষা অফিস এ তথ্য জানান।
প্রাথমিক স্কুলের ১ম-৫ম শ্রেণির সকল উপজেলার সকল শিক্ষার্থীর জন্যে ইতোমধ্যেই চাহিদা মতে জেলার ৮ উপজেলায় ১২ লাখ ৭ হাজার ৬শ ২ কপি নতুন শিক্ষাবর্ষের বই পাওয়ার চাহিদা পেয়েছে।
জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে প্রাপ্ত তথ্য মতে চাঁদপুর সদরে-২ লাখ ৪২ হাজার ৭শ কপি, কচুয়ায় ১ লাখ ৭২ হাজার ৩শ ৮ কপি, ফরিদগঞ্জে ১ লাখ ৯০ হাজার ২৩ কপি, মতলব দক্ষিণে ১ লাখ ১৪ হাজার কপি, মতলব উত্তরে ১ লাখ ৫৩ হাজার ৮শ ৮৮ কপি,শাহরাস্তিতে ১ লাখ ২৩ হাজার ৯শ কপি, হাইমচরে-১ লাখ ৫৬ হাজার ১শ ৫ কপি এবং হাজীগঞ্জে ১ লাখ ৫৬ হাজার ১শ ৫ কপি নতুন বই ২০২৭ শিক্ষাবর্ষের জন্যে বরাদ্দ পাওয়া গেছে ।
প্রাপ্ত সূত্র মতে-চাঁদপুরের ৮ উপজেলায় ১ হাজার ১শ ৫৬ টি সরকারি প্রাথমিক স্কুল ও ৫শ ৫৬টি বেসরকারি বা চাঁদপুরে প্রাথমিকে ১২ লাখ ৭ হাজার কপি নতুন বই বরাদ্দ পাওয়া গেছে জানিয়েছে প্রাথমিক শিক্ষা অফিস এ তথ্য জানান।
প্রাথমিক স্কুলের ১ম-৫ম শ্রেণির সকল উপজেলার সকল শিক্ষার্থীর জন্যে ইতোমধ্যেই চাহিদা মতে জেলার ৮ উপজেলায় ১২ লাখ ৭ হাজার ৬শ ২ কপি নতুন শিক্ষাবর্ষের বই পাওয়ার চাহিদা মত পেয়েছে । সরকারি-সেরকারি স্কুলগুলোতেপ্রায় সাড়ে ৩ লাখ শিক্ষার্থী ও ৭০ হাজার শিক্ষার্থী রয়েছে।

চাঁদপুরে যুব দিবসের

যুব উন্নয়ন অধিদপ্তরের যুব ভবনের হল রুম অডিটোরিয়ামে জেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তরের যৌথ আয়োজনে এই সভা অনুষ্ঠিত হয়। এবারের সভার মূল বিষয়বস্তু ছিল "গুজব ও অপপ্রচার প্রতিরোধ এবং নীতি-নৈতিকতা"।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর পুলিশ সুপার মিজানুর রহমান। যুব উন্নয়ন অধিদপ্তর, চাঁদপুরের উপ-পরিচালক মোঃ হুমায়ুন কবিরের সভাপতিত্বে সভায় সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা, স্থানীয় যুব সংগঠক এবং বিপুল সংখ্যক প্রশিক্ষণার্থী ও যুবসমাজ অংশ নেন।
প্রধান অতিথির বক্তব্যে পুলিশ সুপার মিজানুর রহমান বলেন, বর্তমান তথ্যপ্রযুক্তির যুগে যুবসমাজকে বিভ্রান্ত করতে সামাজিক যোগাযোগ মাধ্যমে নানা ধরনের গুজব ও অপপ্রচার ছড়ানো হচ্ছে। যুবসমাজকে দেশের মূল চালিকাশক্তি উল্লেখ করে তিনি বলেন, "গুজব ও অপপ্রচার রোধে আপনাদের সচেতনতা অত্যন্ত জরুরী। সামাজিক দায়বদ্ধতা থেকে এই দায়িত্ব আপনাদের নৈতিক শিক্ষার অংশ, যা অস্বীকার করার কোনো সুযোগ নেই।"
তিনি যেকোনো তথ্য বিশ্বাস বা শেয়ার করার আগে তার সত্যতা যাচাই করার জন্য যুবকদের প্রতি আহ্বান জানান। একই সাথে সমাজে যেকোনো বিশৃঙ্খলা বা 'মব জাস্টিস' সৃষ্টিকে কঠোরভাবে নিরুৎসাহিত করে তিনি বলেন, কেউ যেন কোনো অবস্থাতেই আইন নিজের হাতে তুলে না নেন। কোনো অপ্রীতিকর ঘটনা বা গুজবের উৎস সন্ধান পেলে তা তাৎক্ষণিকভাবে আইনশৃঙ্খলা বাহিনীকে জানানোর জন্য অনুরোধ করেন তিনি।
সভাপতির বক্তব্যে উপ-পরিচালক মো: হুমায়ুন কবির বলেন, যুবকদের শুধু কর্মমুখী শিক্ষায় দক্ষ হলেই চলবে না, বরং তাদের নীতি-নৈতিকতা ও মানবিক মূল্যবোধ সম্পন্ন নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে। অপপ্রচারের অন্ধকার থেকে দূরে থেকে যুবসমাজ যাতে দেশের উন্নয়ন ও ইতিবাচক পরিবর্তনে ভূমিকা রাখতে পারে, সেই লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর নিরলস কাজ করে যাচ্ছে।
অনুষ্ঠানের শুরুতে প্রধান অতিথিকে ফুল দিয়ে স্বাগত জানানো হয়। সচেতনতামূলক সেশনটি শেষে যুবকদের মাঝে নীতি-নৈতিকতা রক্ষা এবং সমাজ বিনির্মাণে একাত্মতা প্রকাশের আহ্বান জানিয়ে কর্মসূচির সমাপ্তি ঘটে। উল্লেখ্য, জাতীয় যুব দিবস উপলক্ষে চাঁদপুরে সপ্তাহব্যাপী এ ধরনের আরও বেশ কিছু শিক্ষণীয় ও সচেতনতামূলক সেশন, পরিচ্ছন্নতা অভিযান এবং যুব ঋণের চেক বিতরণের পরিকল্পনা রয়েছে।

মতলব উত্তরে ডাকাতির

নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ উপজেলার বাঘমারা গ্রামের মো. সোহেল (২৮)।
পুলিশ সূত্রে জানা যায়, চাঁদপুর পুলিশ সুপার মো. মিজানুর রহমানের সার্বিক দিকনির্দেশনায় অতিরিক্ত পুলিশ সুপার নাদিয়া নূর, মতলব সার্কেলের সহকারী পুলিশ সুপার জাবীর হুসনাইন সানীবের তত্ত্বাবধানে মতলব উত্তর থানার অফিসার ইনচার্জ (ওসি) মানস বড়ুয়ার নেতৃত্বে পুলিশের একটি আভিযানিক দল অভিযান পরিচালনা করে। উপজেলার গাজীরগাছখলা এলাকায় সাইফুল ইসলাম মোল্লার বাড়ির সামনে থেকে ডাকাতির প্রস্তুতিকালে তাদের গ্রেপ্তার করা হয়।
পুলিশের দাবি, গ্রেপ্তার ব্যক্তিদের কাছ থেকে উদ্ধার করা হয়েছে কাঠের বাটযুক্ত তিনটি রামদা, একটি তালা কাটার যন্ত্র, চারটি লোহার রড এবং চারটি কালো কাপড়ের মাঙ্কি ক্যাপ বা স্কি মাস্ক। এসব সরঞ্জাম ডাকাতির কাজে ব্যবহারের জন্য প্রস্তুত রাখা হয়েছিল বলে প্রাথমিকভাবে ধারণা করছে পুলিশ।
মতলব উত্তর থানার অফিসার ইনচার্জ (ওসি) মানস বড়ুয়া বলেন, ডাকাতির প্রস্তুতির খবর পেয়ে পুলিশ দ্রুত অভিযান পরিচালনা করে দুইজনকে গ্রেপ্তার করেছে। তাদের কাছ থেকে ডাকাতির কাজে ব্যবহারের জন্য রাখা দেশীয় অস্ত্র ও বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় জড়িত অন্যদের শনাক্ত ও গ্রেপ্তারে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।
চাঁদপুরের অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) নাদিরা নূর বলেন, অপরাধ দমনে জেলা পুলিশ সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে। ডাকাতি, চুরি ও অপরাধমূলক কর্মকাণ্ড প্রতিরোধে পুলিশের নিয়মিত অভিযান অব্যাহত রয়েছে। গ্রেপ্তার ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং তাদের সহযোগীদেরও আইনের আওতায় আনা হবে।

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের
অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী, চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত নির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

হাজীগঞ্জে ২ ব্যবসা

ক্ষতিকর রং ব্যবহারের অপরাধে তাজ হোটেলকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া অনুমোদনহীন নিম্নমানের এলইডি লাইট বিক্রির অপরাধে মুন্সি এন্টারপ্রাইজকে ২ হাজার টাকা জরিমানা করা হয়।
অভিযানে নেতৃত্ব দেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান। জরিমানার অর্থ তাৎক্ষণিকভাবে প্রতিষ্ঠান দুটি স্বেচ্ছায় পরিশোধ করে। এ সময় পচা-বাসি খাবার ও ক্ষতিকর রং ধ্বংস করা হয়। পাশাপাশি ভবিষ্যতে এ ধরনের অনিয়ম না করার অঙ্গীকার করেন সংশ্লিষ্ট ব্যবসায়ীরা।
অভিযানের অংশ হিসেবে বাজারের অন্যান্য প্রতিষ্ঠানও পরিদর্শন করা হয় এবং জনসচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়। এ সময় ব্যবসায়ীদের নির্ধারিত মূল্যে পণ্য বিক্রি, ক্রয়-বিক্রয়ের ভাউচার সংরক্ষণ, মূল্যতালিকা প্রদর্শন, মেয়াদোত্তীর্ণ ওষুধ বা পণ্য বিক্রি না করা এবং অবৈধ মজুতদারি থেকে বিরত থাকার নির্দেশনা দেওয়া হয়।
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর একটি দল অভিযানে সার্বিক সহযোগিতা প্রদান করে। জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

জাতীয় বিপ্লব ও সংহতি

রয়েছে। জাতীয় পতাকা যথাযথ মর্যাদায় উত্তোলন করবে। প্রাথমিকে বিদ্যালয়ে তারা আলাদা ভাবে অনুষ্ঠান করবেন? সড়কদ্বীপ ও বিভিন্ন সড়কে পতাকা দ্বারা সজ্জিতকরণ করা হবে।
তিনি বলেন, জাতির শান্তি ও অগ্রগতি কামনা করে সুবিধাজনক সময়ে মসজিদে মিলাদ-মাহফিল ও বিশেষ মোনাজাত করতে হবে। মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়সমূহে বিশেষ প্রার্থনা করতে হবে। হাসপাতাল, কারাগার, এতিমখানা, শিশুকেন্দ্র, শিশু পরিবার, শিশুসদন, কিশোর সংশোধনী কেন্দ্রসমূহ, শান্তি নিবাস ও ভবঘুরে প্রতিষ্ঠানসমূহে উন্নতমানের খাবারের ব্যবস্থা করা হবে। দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে সকল জেলা ও উপজেলায় আলোচনা সভার আয়োজন করা হবে।
সভায় উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন, চাঁদপুর পুলিশ সুপার মো: মিজানুর রহমান, চাঁদপুর জেলা পরিষদের প্রশাসক এডভোকেট এ কে এম সলিম উল্যা সেলিম, চাঁদপুর স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক (উপ-সচিব) দেবাশীষ চৌধুরী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) একরামুল সিদ্দিক, চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী, চাঁদপুর সদর হাসপাতালের তত্ত্বাবধায় ডা: এ কে এম মাহবুবুর, চাঁদপুর গণপূর্ত বিভাগের বিদায়ী নির্বাহী প্রকৌশলী নাসিম আহমেদ টিটো, চাঁদপুর জেলার আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জেলা কমান্ড্যান্ট হলেন মোঃ ফজলে রাব্বি পিভিএম, পরিবেশ অধিদপ্তেরর উপ-পরিচালক মো: মিজানুর রহমান, চাঁদপুর সদর উপজেলা নির্বাহী অফিসার এস এম এন জামিউল হিকমা, কচুয়া উপজেলা নির্বাহী অফিসার অমিত রায়, হাজীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার মো. ইবনে আল জায়েদ হোসেন, শাহরাস্তি উপজেলা নির্বাহী অফিসার মনিরা খাতুন, ফরিদগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার মেহেদী হাসান মানিক, মতলব উত্তর উপজেলা নির্বাহী অফিসার মাহমুদা কুলসুম মনি, চাঁদপুর জেলা সমাজসেবা কার্যালয়ের সহকারি পরিচালক মো: রুহুল আমিন বাশির, জেলা ক্রীড়া অফিসার মো: আফাজ উদ্দিন, চাঁদপুর সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার মো: আবদুল্লাহ আল জুবায়ের।
সভা পরিচালনা করেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজেস্ট্রেট নাজমুল হুদা।
এছাড়াও সভায় চাঁদপুর গণপূর্ত বিভাগের বিদায়ী নির্বাহী প্রকৌশলী নাসিম আহমেদ টিটোকে চাঁদপুর জেলা প্রশাসনের পক্ষ থেকে বদলীজনিত বিদায় সংবর্ধণা জানান চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।
সভায় জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন উপলক্ষে স্বরাষ্ট্রমন্ত্রণালয় কর্তৃক নিম্নোক্ত কর্মসূচী গ্রহণ করা হয়। কর্মসূচি-
১। সকল সরকারি ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন। ২। জাতির শান্তি ও অগ্রগতি কামনা করে সুবিধাজনক সময়ে মসজিদে মিলাদ-মাহফিল ও বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়সমূহে বিশেষ প্রার্থনা। ৩? হাসপাতাল, কারাগার, এতিমখানা, শিশুকেন্দ্র, শিশু পরিবার, শিশুসদন, কিশোর সংশোধনী কেন্দ্রসমূহ, শান্তি নিবাস ও ভবঘুরে প্রতিষ্ঠানসমূহে সুবিধাজনক সময়ে উন্নতমানের খাবার পরিবেশন। ৪। দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে সকল জেলা ও উপজেলায় আলোচনা অনুষ্ঠান আয়োজন। ৫। শহীদ মুক্তিযোদ্ধা পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধাসহ মুক্তিযোদ্ধাগণের সমন্বয়ে আলোচনা অনুষ্ঠানের আয়োজন। ৬। সড়কদ্বীপ ও বিভিন্ন সড়কে পতাকা দ্বারা সজ্জিতকরণ। ৭। শিল্পকলা একাডেমি কর্তৃক দেশাত্মবোধক গানের আসর আয়োজন। ৮। সিনেমা হলে এবং ভ্যানযোগে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস সম্পর্কিত প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনী। ৯। সকল জেলা সদর ও উপজেলায় প্রদর্শনী ফুটবল ম্যাচের আয়োজন। ১০। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে দিবসের তাৎপর্য তুলে ধরে ছাত্র-ছাত্রীদের মধ্যে বিশেষ আলোচনা অনুষ্ঠান ও রচনা প্রতিযোগিতার আয়োজন। ১১। জেলা ও উপজেলা পর্যায়ে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন। ১২। সকল শিশু পার্ক শিশুদের জন্য উন্মুক্ত রাখা (বিনা টিকিটে)। এছাড়া জেলা প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচী নেয়া হয়েছে।

লক্ষ্মীপুর মোহাম্মদিয়া দাখিল

পালন করবেন মাদরাসার সুপার/ভারপ্রাপ্ত সুপার। প্রজ্ঞাপনে আরও উল্লেখ করা হয়, মাদরাসার স্বাভাবিক কার্যক্রম পরিচালনার স্বার্থে প্রবিধানমালা অনুযায়ী কমিটি গঠন করা হয়েছে। এডহক কমিটির মেয়াদকালের মধ্যে বিধি মোতাবেক নিয়মিত কমিটি গঠনের উদ্যোগ নিতে হবে।
এ ছাড়া আগামী পরীক্ষার ফলাফল ও সামগ্রিক দিক বিবেচনায় সন্তোষজনক অগ্রগতি অর্জন এবং প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে কমিটিকে দায়িত্বশীল ভূমিকা পালনের নির্দেশনা দেয়া হয়েছে।
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের নির্দেশক্রমে প্রজ্ঞাপনটি জারি করেন বোর্ডের রেজিস্ট্রার (প্রশাসন) অধ্যাপক এস এম তোহিদুজ্জামান। এতে স্বাক্ষর করেন উপ-রেজিস্ট্রার (প্রশাসন) মো. আব্দুর রশিদ।
কমিটির সদস্যদের সমন্বিত উদ্যোগে মাদরাসার শিক্ষা কার্যক্রমের মানোন্নয়ন, পরীক্ষার ফলাফল উন্নত করা এবং প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা বজায় রাখার বিষয়টি গুরুত্ব পাবে বলে প্রজ্ঞাপনে নির্দেশনা দেয়া হয়েছে।

ফরিদগঞ্জে অবৈধ ড্রেজার

অবৈধভাবে ড্রেজার পরিচালনা করে জমির শ্রেণি ও ভূমির স্বাভাবিক অবস্থা পরিবর্তনের অভিযোগে ড্রেজার মেশিন ও পাইপ বিনষ্ট করা হয়। পরে বিনষ্ট করা সরঞ্জামগুলো স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের জিম্মায় রাখা হয়।
প্রশাসনের অভিযানের খবর পেয়ে ড্রেজারের মালিক মো. সোহাগ ও মনির হোসেন ঘটনাস্থল থেকে সরে যান বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।
সূত্র জানায়, অবৈধভাবে ড্রেজার পরিচালনার বিষয়ে এর আগেও একাধিকবার সতর্ক করা হয়েছিল। তবে সতর্কবার্তা উপেক্ষা করে বালু উত্তোলন অব্যাহত রাখায় প্রশাসন গোপন সংবাদের ভিত্তিতে এ অভিযান পরিচালনা করে।
এ বিষয়ে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. আনিছুর রহমান বলেন, সরকারি নির্দেশনা অনুযায়ী অবৈধভাবে ড্রেজার মেশিন দিয়ে বালু উত্তোলন করা দণ্ডনীয় অপরাধ। ঘটনাস্থলে কাউকে পাওয়া না গেলেও অবৈধ ড্রেজার মেশিন ও পাইপ বিনষ্ট করে স্থানীয় ইউপি চেয়ারম্যানের জিম্মায় রাখা হয়েছে। এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

চাঁদপুর প্রেস ক্লাবের সিনিয়র

৩য় তলায় কেবিন ভর্তি করা হয়েছে?
গতকাল ২নভেম্বর বেলা ১২টায় গুরুতর অসুস্থ্য হলে তাকে প্রথমে ২৫০শয্যা বিশিষ্ট চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালের নিচতলায় ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে ভর্তি করা হয়।সেখানে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। পরে তাকে হাসপাতালের তৃতীয় তলা কেবিনে স্থানান্তর করা হয়।
তার অসুস্থ্যতার খবর শুনে দেখতে ও খোঁজখবর নিতে তাৎক্ষনিক হাসপাতালে ওয়ান স্টপ সার্ভিস সেন্টার ও কেবিনে ছুটে যান চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী, সাধারণ সম্পাদক এম এ লতিফ।
এ সময় চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী জানান, প্রেস ক্লাবের অসুস্থ্য সিনিয়র সাংবাদিক মুনির চৌধুরীর পাশে আছি। সদর হাসপাতালে গিয়েছি প্রেসক্লাব নেতৃবৃন্দ। প্রেস ক্লাবের পক্ষ থেকে তার চিকিৎসার জন্য সার্বক্ষনিক যোগাযোগ রাখা হয়েছে?তিনি ডাক্তারদের নিবিড় পর্যবেক্ষণে আছেন।চিকিৎসা ও পরীক্ষা নিরীক্ষা চলছে। প্রেস ক্লাব তার পাশে রয়েছে। সেই সাথে প্রেস ক্লাবের পক্ষ থেকে তাৎক্ষণিক সহযোগিতা করা হয়েছে। তার সুস্থতার জন্য সবার নিকট দোয়া কামনা করছি।
এ সময় হাসপাতালের তত্ত্বাবধায়ক ডাঃ এ কে এম মাহাবুবুর রহমানসহ হাসপাতালে ডাক্তারগন তার সার্বক্ষনিক খোঁজখবর রাখছেন।
এসময় হাসপাতালে আরো দেখতে যান চাঁদপুর প্রেস ক্লাবের সাবেক সভাপতি অধ্যক্ষ জালাল চৌধুরী, ইকবাল হোসেন পাটওয়ারী, বি এম হান্নান, সিনিয়র সহ-সভাপতি রিয়াদ ফেরদৌস, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল রুবেল, দৈনিক আলোকিত চাঁদপুর পত্রিকার সম্পাদক মো: জাকির হোসেনসহ অন্যান্যরা। অনেক রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিক নেতৃবৃন্দ ফোনে তার শারিরীক অবস্থার খোঁজখবর নেন।
এদিকে, অসুস্থ সাংবাদিক মুনির চৌধুরীর চিকিৎসার জন্য সার্বক্ষণিক খোঁজখবর নেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি শেখ ফরিদ আহমেদ মানিক।

মতলবে শিশুকে ধর্ষণের

নিয়ন্ত্রণে আনে পুলিশ। শিশুটির চিকিৎসা ও অভিযুক্তের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন স্থানীয়রা।
গত ২৬ অক্টোবর সকাল ১০টার দিকে উপজেলার ফরাজীকান্দি ইউনিয়নের সরদার কান্দি গ্রামে এ ঘটনা ঘটে বলে অভিযোগ শিশুটির পরিবারের। এদিকে, অভিযোগের বিষয়টি জানাজানি হলে রবিবার (২ নভেম্বর) রাতে এলাকায় ক্ষোভ ও উত্তেজনা ছড়িয়ে পড়ে। স্থানীয়দের মধ্যে উত্তেজনা দেখা দিলে খবর পেয়ে মতলব উত্তর থানার অফিসার ইনচার্জ (ওসি) মানস বড়ুয়া সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থলে উপস্থিত হন। পরে অভিযুক্তকে পুলিশ হেফাজতে নেয়ার সময় আবারও উত্তেজনা সৃষ্টি হয়। পুলিশ পরিস্থিতি সামাল দিয়ে অভিযুক্তকে থানায় নিয়ে যায়।
শিশুটির মায়ের অভিযোগ, ঘটনার দিন সকালে তার বাবা আলমাছ শিশুটিকে নিয়ে অভিযুক্ত দেলু শিকদারের বাড়িতে যান। সেখানে অভিযুক্তের মোবাইল ফোনে কার্টুন দেখছিল শিশুটি। একপর্যায়ে শিশুটিকে সেখানে রেখে আলমাছ চলে গেলে অভিযুক্ত ব্যক্তি শিশুটির ওপর যৌন নির্যাতন চালান। এ সময় শিশুটি চিৎকার করলে তার মুখ চেপে ধরেন বলেও অভিযোগ করেন তিনি।
শিশুটির মা জানান, মেয়েকে দীর্ঘ সময় দেখতে না পেয়ে তিনি দেলু শিকদারের বাড়িতে গিয়ে তাকে কান্নারত অবস্থায় দেখতে পান। পরে শিশুটি মায়ের কাছে ঘটনার কথা জানায়। শিশুর শারীরিক অবস্থার অবনতি ও কান্নাকাটির কারণে চিকিৎসার জন্য অভিযুক্তের পরিবারের কাছে গেলে তারা বিষয়টি গুরুত্ব না দিয়ে উল্টো হুমকি দেন বলে অভিযোগ তার। পরে চিকিৎসার জন্য ৫ হাজার টাকা দেওয়া হলেও তা পর্যাপ্ত ছিল না বলে দাবি করেন তিনি।
এ বিষয়ে মতলব উত্তর থানার অফিসার ইনচার্জ (ওসি) মানস বড়ুয়া বলেন, এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রস্তুতি চলছে। বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে এবং আইন অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নেয়া হবে। ঘটনাটি ঘিরে এলাকায় এখনো থমথমে পরিস্থিতি বিরাজ করছে। স্থানীয়দের দাবি, শিশুটির নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি দ্রুত চিকিৎসা, নিরপেক্ষ তদন্ত এবং অভিযোগ প্রমাণিত হলে অভিযুক্তের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে।

৫ নভেম্বর চাঁদপুর প্রেস ক্লাবে

এবং মাজহারুল হক বিএনএসবি চক্ষু হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক ও মেডিকেল টিম চিকিৎসাসেবা প্রদান করবেন।
চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট সরকারি জেনারেল হাসপাতালের মেডিকেল টিম:
এ হাসপাতালের মেডিকেল টিমে থাকবেন মেডিসিন ও কার্ডিওলজি বিভাগের চিকিৎসক ডা. সৈয়দ আহমদ কাজল, সার্জারি বিভাগের ডা. নূরে আলম মজুমদার, চর্মরোগ বিভাগের ডা. আবদুল্লাহ আল মামুন, মেডিসিন বিভাগের ডা. মো. বরকত উল্লাহ এবং গাইনি বিভাগের ডা. নাজমুন নাহার। তাঁদের সঙ্গে থাকবেন প্যাথলজিস্ট মো. সিরাজ, দুজন নার্স ও তিনজন সহকারী। এ টিমের মাধ্যমে সাধারণ স্বাস্থ্যসেবা, রক্তচাপ পরিমাপ ও রক্তের গ্রুপ নির্ণয়ের ব্যবস্থা থাকবে।
চাঁদপুর ডায়াবেটিক হাসপাতালের মেডিকেল টিম:
এ টিমে থাকবেন মেডিকেল অফিসার ডা. আব্দুল কাদের জেলানী মুন্সী, জনসংযোগ কর্মকর্তা নাসিমা আক্তার, সিনিয়র স্টাফ নার্স রাসিদা আক্তার, প্রধান সহকারী জসিম উদ্দিন এবং এমএলএসএস রাসেল ইসলাম। এ টিমের মাধ্যমে ডায়াবেটিস পরীক্ষা ও প্রয়োজনীয় চিকিৎসাসেবা প্রদান করা হবে।
মাজহারুল হক বিএনএসবি চক্ষু হাসপাতালের মেডিকেল টিম:
চক্ষু চিকিৎসাসেবা প্রদান করবেন চক্ষু চিকিৎসক ডা. মো. হাবিবুর রহমান। তাঁর সঙ্গে থাকবেন রিফ্রেকশন ইউনিট ইনচার্জ মো. নাসির আহম্মেদ, সিনিয়র পাবলিক রিলেশন অফিসার মো. আবু জাফর এবং প্রোগ্রাম অফিসার মো. আলকমিন ও উম্মে।
সংশ্লিষ্ট হাসপাতালগুলোর চিকিৎসক ও অভিজ্ঞ মেডিকেল টিমের মাধ্যমে ক্যাম্পে অংশগ্রহণকারীদের প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা ও চিকিৎসাসেবা প্রদান করা হবে।
এ স্বাস্থ্যসেবা ক্যাম্পে অংশগ্রহণ করে বিনামূল্যে চিকিৎসাসেবা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল সদস্য, সাংবাদিক ও তাঁদের পরিবারের সদস্যদের বিশেষভাবে অনুরোধ জানিয়েছেন চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী ও সাধারণ সম্পাদক এম এ লতিফ।
এ বিষয়ে বিস্তারিত তথ্য জানতে প্রয়োজনে প্রেস ক্লাব সভাপতির সঙ্গে মোবাইল ও হোয়াটসঅ্যাপে (০১৭১১০১৩৪৪৪) যোগাযোগ করার অনুরোধ জানানো হয়েছে।
উল্লেখ্য, ক্যাম্পে চিকিৎসাসেবা গ্রহণে আগ্রহী সদস্য, সাংবাদিক ও তাঁদের পরিবারের সদস্যদের নাম এবং মোট সংখ্যা আগাম প্রেস ক্লাবের অফিস ইনচার্জ কাম ম্যানেজার মো. মাসুদ দেওয়ানের কাছে মৌখিকভাবে তালিকাভুক্ত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে।

হাজীগঞ্জে ইয়াবাসহ গ্রেপ্তার

অনুযায়ী, গোপন সংবাদের ভিত্তিতে হাজীগঞ্জ থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) রাজীব শর্মার নির্দেশনায় এসআই নুরে আলমের নেতৃত্বে এনএসআই মনির মুন্না সহ পুলিশের একটি দল ওই এলাকায় মাদকবিরোধী অভিযান চালায়। এ সময় জুলহাসকে আটক করে তল্লাশি করা হয়। তল্লাশির একপর্যায়ে তাঁর পরিহিত লুঙ্গির ডান পাশ থেকে নীল পলিথিনে মোড়ানো দুটি প্যাকেটে থাকা ৫১১ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। পরে ইয়াবাগুলো জব্দ করে তাঁকে থানায় নিয়ে যায় পুলিশ।
গ্রেপ্তার জুলহাস হাজীগঞ্জ উপজেলার ব্রাহ্মণগাঁও গ্রামের বাসিন্দা। তাঁর বাবার নাম মৃত ছাদেক।
পুলিশ জানিয়েছে, এ ঘটনায় গ্রেপ্তার ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।

দেশপ্রেম ও দক্ষ জনশক্তি

তাদেরকে দক্ষ ও দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তুলতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে।
দশ দিনব্যাপী এই প্রশিক্ষণে শিক্ষার্থীদের যেসব বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান দেওয়া হচ্ছে- আইনশৃঙ্খলা রক্ষায় সহযোগিতা প্রদান এবং জননিরাপত্তা বিধানের কৌশল। যেকোনো প্রাকৃতিক বা মানবসৃষ্ট দুর্যোগ মোকাবিলায় করণীয় ও উদ্ধারকাজ। বিভিন্ন সামাজিক অপরাধ রোধ ও সচেতনতা সৃষ্টি। আধুনিক কর্মক্ষেত্রের উপযোগী দক্ষতা অর্জন এবং বৈদেশিক কর্মসংস্থানের সম্ভাবনা ও সচেতনতা। এই প্রশিক্ষণের মাধ্যমে কলেজ শিক্ষার্থীদের সুসংগঠিত ও দক্ষ জনসম্পদ হিসেবে গড়ে তোলার পাশাপাশি স্থানীয় পর্যায়ে জননিরাপত্তা ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে তাদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা সম্ভব হবে বলে সংশ্লিষ্টরা মনে করছেন। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর এই সময়োপযোগী উদ্যোগ যুবসমাজকে ইতিবাচক ও উৎপাদনশীল কর্মকাণ্ডে সম্পৃক্ত করার মাধ্যমে একটি নিরাপদ, সুশৃঙ্খল ও উন্নত বাংলাদেশ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। চাঁদপুর জেলার আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জেলা কমান্ড্যান্ট এসব তথ্য নিশ্চিত করেছেন।

হাইমচরে ইয়াবাসহ

থেকে তাকে গ্রেপ্তার করে হাইমচর থানা পুলিশ।
পুলিশ সূত্রে জানা যায়, হাইমচর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ শাহ্ আলম, পিপিএম-সেবার সার্বিক দিকনির্দেশনায় এসআই প্রিয়লাল ঘোষ সঙ্গীয় ফোর্সসহ বিশেষ অভিযান পরিচালনা করেন। এ সময় সন্দেহভাজন রাহুলের কাছ থেকে দুই পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। পরে তাকে গ্রেপ্তার করে থানায় নিয়ে আসা হয়।
এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১০(ক) ধারায় হাইমচর থানায় মামলা দায়ের করা হয়েছে।
হাইমচর থানার পুলিশ জানায়, গ্রেপ্তার ব্যক্তিকে সোমবার (২ নভেম্বর) যথাযথ পুলিশ পাহারায় আদালতে পাঠানো হয়েছে।

১২ কেজি এলপিজি

২ হাজার ২০০ থেকে ২ হাজার ৩০০ টাকায়।
এলপিজি খাতসংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, প্রায় এক কোটি গ্রাহক জ্বালানি হিসেবে এলপিজি ব্যবহার করেন। এর মধ্যে ৮০ শতাংশ ব্যবহৃত হয় বাসার রান্নার কাজে। অন্যরা শিল্প ও পরিবহনে এলপিজি ব্যবহার করেন। এ খাতের ৯৯ শতাংশ বেসরকারি খাতের দখলে, যারা আমদানি করে সরবরাহ করে। গত দুই মাসে এলপিজি আমদানি তেমন কমেনি। অথচ বাজারে সরবরাহ কমেছে।
এলপিজির নতুন দাম আজ রাত আটটা থেকে কার্যকর হয়েছে। বাজারে বিভিন্ন আকারের এলপিজি সিলিন্ডার পাওয়া যায়। এখন থেকে প্রতি কেজি এলপিজির দাম ১৭১ টাকা ৬৮ পয়সা। এই হিসাবে বিভিন্ন আকারের এলপিজি সিলিন্ডারের দাম নির্ধারিত হবে। গাড়িতে ব্যবহৃত এলপিজির (অটো গ্যাস) দাম প্রতি লিটার ৮৪ টাকা ৬২ পয়সা থেকে বাড়িয়ে করা হয়েছে ৯১ টাকা ৯৫ পয়সা।
২০২১ সালের এপ্রিল থেকে এলপিজির দাম নির্ধারণ করে আসছে বিইআরসি। তবে অভিযোগ আছে, বাজারে নির্ধারিত দামে বিক্রি হয় না। মাঝেমধ্যেই সরবরাহ সংকটের নামে এটি অনেক বেড়ে যায়। বাড়তি দাম দিয়েও এলপিজি পায় না ভোক্তা।

বাড়ল অটোগ্যাসের দামও

পর্যালোচনা করে ভোক্তাপর্যায়ে দাম সমন্বয় করে কমিশন। তবে নির্ধারিত দামের চেয়ে বেশি দামে সিলিন্ডার বিক্রির অভিযোগ দীর্ঘদিনের। বাজারে কমিশনের বেঁধে দেওয়া দামে এলপিজি পাওয়া যাচ্ছে কি না, তা নিয়েও ভোক্তাদের মধ্যে উদ্বেগ রয়েছে। সংশ্লিষ্টদের আশঙ্কা, নতুন করে দাম বাড়ানোর ফলে রান্নার জ্বালানি বাবদ পরিবারের মাসিক ব্যয় আরও বাড়বে।

সার ব্যবস্থাপনায় অনিয়ম

ও মজুতের তথ্য প্রদর্শন করতে হবে। কৃত্রিম সংকট সৃষ্টি, অতিরিক্ত দাম আদায়, মজুতদারি এবং সীমান্ত দিয়ে অবৈধভাবে সার পাচারের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত ও নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।
প্রকৃত কৃষকের কাছে ন্যায্যভাবে সার বিতরণ নিশ্চিত করতে কৃষক কার্ড ও কৃষকের তালিকা ব্যবহারের নির্দেশনাও দেন কৃষিমন্ত্রী।
আসন্ন রবি মৌসুমের জন্য সারের বরাদ্দ ও সরবরাহ বাড়ানো হচ্ছে উল্লেখ করে কৃষিমন্ত্রী বলেন, চাহিদা বাড়লে তা মোকাবিলায় সরকার প্রস্তুত রয়েছে। তবে বিশেষ করে সীমান্তবর্তী জেলাগুলোতে সার পাচার রোধে কঠোর নজরদারি রাখতে হবে। প্রতিবেশী দেশগুলোর কিছু এলাকায় নন-ইউরিয়া সারের চাহিদা ও দাম বেশি থাকায় এসব সার পাচারের আশঙ্কা রয়েছে। কোনো অবস্থাতেই দেশের সার দেশের বাইরে যেতে দেওয়া যাবে না।
মন্ত্রী বলেন, সরকার সারের ওপর বিপুল পরিমাণ ভর্তুকি দেয়। এই ভর্তুকির সুফল যেন প্রকৃত কৃষক পান, তা নিশ্চিত করতে হবে। কোনো জেলায় সার নিয়ে অনিয়ম হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের জবাবদিহি করতে হবে।
ইউরিয়া সার শিল্পকারখানায় কাঁচামাল হিসেবে ব্যবহারের বিষয়েও সতর্ক থাকার নির্দেশ দেন মন্ত্রী। বিশেষ করে বস্ত্র ও ডাইং কারখানায় ইউরিয়া ব্যবহারের তথ্য পাওয়া গেলে সংশ্লিষ্ট কারখানার বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নিতে হবে। এজন্য জেলা পর্যায়ের সার মনিটরিং কমিটিকে নিয়মিত সভা করে পরিস্থিতি পর্যবেক্ষণ করতে হবে।

হকারদের দখলে হাজীগঞ্জ

ফজলুল হক ও হোসেন শহীদ সোহরাওয়ার্দী সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ।
১৯৩১ সালে প্রতিষ্ঠিত হয় হাজীগঞ্জ দারুল উলুম আহমদীয়া মাদ্রাসা। অত্র মাদ্রাসার প্রতিষ্ঠানের ওয়াকফ সম্পত্তির আওতায় গড়ে উঠেছে হাজীগঞ্জ বেশ কিছু ব্যবসা প্রতিষ্ঠান ও বাণিজ্যিক স্থাপনা। এই সমস্ত স্থাপনার সঙ্গে যুক্ত রয়েছে প্রতিষ্ঠানের আর্থিক কার্যক্রম।
ঐতিহাসিক এই প্রতিষ্ঠানের মোতওয়াল্লীর দায়িত্ব পালন করে আসছেন হাজিগঞ্জ এর বিশিষ্ট শিক্ষাবিদ, বহু শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা, শিক্ষা ক্ষেত্রে যার রয়েছে ব্যাপক অবদান তিনি হলেন ডঃ মুহাম্মদ আলমগীর হোসেন পাটোয়ারী।

এলপিজির দাম অস্বাভাবিক বৃদ্ধি

পারিবারিক ব্যয় আরও বাড়িয়ে দেবে। বিশেষ করে নিম্ন ও মধ্যবিত্ত পরিবারের জন্য এ ব্যয় বহন করা কঠিন হয়ে পড়বে।
জামায়াতের সেক্রেটারি জেনারেল বলেন, শুধু দাম বাড়িয়েই দায়িত্ব শেষ করলে চলবে না। বাজারে দীর্ঘদিন ধরে সরকার নির্ধারিত দামের চেয়ে অনেক বেশি দামে এলপিজি বিক্রি হচ্ছে। রাজধানীতেই ১২ কেজির সিলিন্ডার ২ হাজার ২০০ থেকে ২ হাজার ৩০০ টাকায় বিক্রির অভিযোগ রয়েছে। অথচ এ বিষয়ে কার্যকর বাজার তদারকি ও জবাবদিহি নিশ্চিত করা যাচ্ছে না। আমদানিকারক, ডিলার ও খুচরা বিক্রেতাদের কমিশন বৃদ্ধির অজুহাতে ভোক্তাদের ওপর অতিরিক্ত ব্যয়ের বোঝা চাপানো কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।
মিয়া গোলাম পরওয়ার বলেন, জ্বালানি খাতের অব্যবস্থাপনা ও বাজার নিয়ন্ত্রণে ব্যর্থতার দায় সাধারণ জনগণের ওপর চাপানো যাবে না। জনগণের ক্রয়ক্ষমতা বিবেচনায় না নিয়ে বারবার জ্বালানির দাম বৃদ্ধি সরকারের দায়িত্বশীলতার পরিচয় বহন করে না।
আমি অবিলম্বে এলপিজির মূল্যবৃদ্ধির সিদ্ধান্ত থেকে সরে এসে বাজারে সরকার নির্ধারিত মূল্যে গ্যাস বিক্রি নিশ্চিত করা, সিন্ডিকেট ও অযৌক্তিক মুনাফা বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং ভোক্তাদের স্বার্থ সুরক্ষায় নিয়মিত বাজার তদারকির জন্য সরকারের প্রতি জোর দাবি জানাচ্ছি বলেও জানান জামায়াতের সেক্রেটারি জেনারেল।

মতলব উত্তরে ৪ বছরেও

বানায় এবং নৃশংসভাবে হত্যা করে।
বাবার স্মৃতিচারণ করতে গিয়ে তাঁর সন্তান জানান, বিগত চার বছর ধরে ইউনিয়নের প্রতিটি সাধারণ ও অসহায় মানুষ তাঁর অনুপস্থিতি গভীরভাবে অনুভব করছে। জনকল্যাণমূলক কাজের মাধ্যমে তিনি এলাকার সাধারণ মানুষের হৃদয়ে যে অনন্য স্থান তৈরি করেছিলেন, তা আজও অম্লান।
২০২২ সালের ৩ নভেম্বর অনুষ্ঠিত তাঁর জানাজার কথা স্মরণ করে পরিবার জানায়, সেদিন হাজারো সাধারণ মানুষ অশ্রুসজল চোখে তাঁকে শেষ বিদায় জানিয়েছিলেন। সর্বস্তরের মানুষের সেই ঢলই প্রমাণ করে যে, জনগণের কাছে তিনি কতটা প্রিয় ছিলেন।
বিএনপি মহাসচিবের শোক ও পরিবারের বর্তমান দাবি :
হত্যাকাণ্ডের পরপরই ২০২২ সালের ২ নভেম্বর বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এক আনুষ্ঠানিক শোকবার্তায় গভীর সমবেদনা প্রকাশ করেছিলেন। তিনি মরহুমের আত্মার মাগফিরাত কামনা করেন এবং পরিবারের প্রতি সহানুভূতি জানান।
দীর্ঘ চার বছর অতিবাহিত হলেও মামলার আসামিরা এখনো আইনের আওতায় না আসায় পরিবার ও এলাকার মানুষের উদ্বেগ বেড়েছে। হত্যাকাণ্ডের ন্যায়বিচার নিশ্চিত করতে এবং আসামিদের দ্রুত গ্রেফতার করতে পরিবারটি স্থানীয় চাঁদপুর-২ আসনের সংসদ সদস্য আলহাজ্ব ড. মোহাম্মদ জালাল উদ্দিনের প্রতি বিশেষ আহ্বান জানিয়েছেন।
প্রতিবেদনের শেষে পরিবারের পক্ষ থেকে মরহুম ছলিম উল্লাহ (লাভলু) মেম্বারের রুহের মাগফিরাত কামনা করে সকলের কাছে দোয়া চাওয়া হয়েছে, যেন মহান আল্লাহ তাআলা তাঁকে জান্নাতুল ফেরদৌস নসীব করেন।

ফরিদগঞ্জে জনবল সংকটে

নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মেহেদী হাসান মানিক বলেন, জনবল সংকটের বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। পাশাপাশি উপজেলায় সরকারি কার্যালয়ের স্থান সংকুলান না থাকায় আপাতত ভাড়া ভবনে কার্যক্রম চলছে। বিষয়টি গুরুত্বসহকারে খতিয়ে দেখা হচ্ছে।

চাঁদপুরে দেড় হাজার কুকুরকে

নয়, বরং নিয়মিত টিকাদানের মাধ্যমেই জলাতঙ্ক প্রতিরোধ করা সম্ভব।"
পৌরসভা সূত্রে জানা যায়, চাঁদপুর পৌর এলাকাকে জলাতঙ্কমুক্ত রাখতে প্রথম পর্যায়ে ১,৫০০ বেওয়ারিশ ও লালন-পালন করা কুকুরকে ভ্যাকসিনের আওতায় আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত ক্যাচার দল শহরের বিভিন্ন ওয়ার্ডে ঘুরে ঘুরে বেওয়ারিশ কুকুর চিহ্নিত করে এ টিকা প্রদান করছে। টিকা দেওয়া কুকুরগুলোকে সহজে শনাক্ত করার জন্য গায়ে বিশেষ চিহ্ন (রং) ব্যবহার করা হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চাঁদপুর পৌরসভা প্রশাসক (উপসচিব)
দেবাশীষ চৌধুরী, চাঁদপুর পৌর বিএনপি'র সভাপতি আক্তার হোসেন মাঝি, চাঁদপুর পৌরসভার নির্বাহী কর্মকর্তামুহাম্মদ নূর আজম শরীফ, চাঁদপুর প্রেসক্লাব সভাপতি সোহেল রুশদী সহ স্থানীয় গণ্যমান্য ও রাজনৈতিক ব্যক্তিবর্গ এবং পৌরসভার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। চাঁদপুর পৌরসভার এই জনকল্যাণমূলক উদ্যোগকে স্বাগত জানিয়েছেন শহরের সচেতন ও সুশীল সমাজের নাগরিকরা।

সাংবাদিক এস এম সোহেলের

তাকে পুরান বাজার মধ্য শ্রীরামদী পৌর কবরস্থানে দাফন করা হবে বলে পারিবারিক সূত্রে জানা গেছে।
সাংবাদিক এস এম সোহেলের বাবার মৃত্যুতে চাঁদপুর প্রেসক্লাব, চাঁদপুর ফটো জার্নালিস্ট এসোসিয়েশনের পক্ষ থেকে মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা-স হ শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান।

ফরিদগঞ্জে কর্মদক্ষতা ও মানবিক

তাঁর নির্দেশনায় অভিযান পরিচালিত হয়। পরবর্তী সময়ে ১৮ অক্টোবর ফরিদগঞ্জ বাজার ব্যবসায়ী কমিটির সঙ্গে মতবিনিময় করেন তিনি। সেখানে যানজট, ফুটপাত দখল, পণ্যের মূল্যতালিকা প্রদর্শন এবং বাজার তদারকিসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হয়। একই সঙ্গে ভূমি অফিসে সাধারণ মানুষকে সঠিক ও কাঙ্ক্ষিত সেবা দেওয়ার আশ্বাস দেন তিনি। তবে তাঁর চিন্তাভাবনা কেবল প্রশাসনিক দায়িত্ব পালন কিংবা আইন প্রয়োগের মধ্যেই সীমাবদ্ধ নয়। যুবসমাজকে সামাজিক অবক্ষয় থেকে দূরে রাখতে খেলাধুলা এবং ইতিবাচক সামাজিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করার বিষয়েও গুরুত্ব দিচ্ছেন এই কর্মকর্তা। উপজেলা পর্যায়ে আন্তঃউপজেলা বিতর্ক উৎসবের উদ্বোধন করে শিক্ষার্থীদের যুক্তিনির্ভর চিন্তা, মুক্তবুদ্ধির চর্চা ও সৃজনশীলতার বিকাশে উদ্বুদ্ধ করেন তিনি। তাঁর এমন উদ্যোগে প্রশাসনিক দায়িত্বের পাশাপাশি নতুন প্রজন্মের মেধা ও মনন বিকাশের প্রতিও ইতিবাচক দৃষ্টিভঙ্গির প্রতিফলন ঘটেছে।
দায়িত্ব গ্রহণের স্বল্প সময়ের মধ্যেই ভূমিসেবাকে আরও সহজ, গতিশীল ও হয়রানিমুক্ত করতে বেশ কিছু উদ্যোগ নিয়েছেন নবাগত এই এসিল্যান্ড। শুধু সেবার মানোন্নয়ন নয়, সেবাগ্রহীতাদের জন্য কার্যালয়ের পরিবেশকে আরও সুন্দর, পরিচ্ছন্ন ও স্বস্তিদায়ক করে তুলতেও কাজ করছেন তিনি।
অবহেলায় পড়ে থাকা সেবাগ্রহীতাদের বিশ্রামের জন্য নির্মিত গোলঘরটি সংস্কার করে পরিবেশবান্ধব ও ব্যবহার উপযোগী করে গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। কার্যালয়ের প্রবেশমুখের চত্বরেও তৈরি করা হয়েছে বিভিন্ন রঙের ফুলের বাগান। পাশাপাশি সম্প্রসারিত রেকর্ড রুমের সংস্কার কার্যক্রমও হাতে নেয়া হয়েছে।
এসব উদ্যোগের পেছনে রয়েছে একটি ইতিবাচক চিন্তা-ভূমি অফিসে মানুষ শুধু প্রয়োজনীয় কাজ সম্পন্ন করতে আসবেন না, বরং একটি পরিচ্ছন্ন, সুন্দর ও সুশৃঙ্খল পরিবেশে স্বস্তির সঙ্গে সেবা গ্রহণ করবেন।
এদিকে ভূমি অফিসে সেবা নিতে এসে কোনো সেবাগ্রহীতা যেন দালাল, মধ্যস্বত্বভোগী কিংবা অসাধু ব্যক্তির খপ্পরে পড়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত না হন, সে বিষয়েও বিশেষ গুরুত্ব দিয়েছেন আনিসুর রহমান।
সেবাগ্রহীতারা যেন ভূমিসংক্রান্ত যেকোনো প্রয়োজনে কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে সহজেই সরাসরি যোগাযোগ করতে পারেন, সে ব্যবস্থা নেওয়া হয়েছে। একই সঙ্গে স্বল্প সময়ে সেবা নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছেন তিনি। এসব নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কি না, তা নিজেই তদারকি করছেন।
আইনের প্রয়োগে কঠোরতার পাশাপাশি মানবিক দায়িত্ব পালনের ক্ষেত্রেও পিছিয়ে নেই নবাগত এই এসিল্যান্ড। তাঁর কাছে ভূমি অফিসের সেবা শুধু নথিপত্র কিংবা বিধিবিধানের মধ্যে সীমাবদ্ধ নয়; বরং একজন অসহায় মানুষের প্রয়োজন ও দুর্ভোগ অনুধাবন করাও প্রশাসনিক দায়িত্বের অংশ।
এরই মধ্যে বাক্‌ও শ্রবণপ্রতিবন্ধী আব্দুল মান্নান এবং বিধবা নারী রহিমা বেগম ভূমিসেবা নিতে এসে ভোগান্তি ছাড়াই স্বল্প সময়ে প্রয়োজনীয় সেবা পেয়েছেন। সাধারণত যেসব মানুষের পক্ষে সরকারি দপ্তরে এসে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করা তুলনামূলক কঠিন, তাঁদের বিষয়েও বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।
দ্রুত ও ভোগান্তিহীন সেবা পেয়ে আবেগাপ্লুত হন বিধবা নারী রহিমা বেগম। অন্যদিকে আরেক সেবাগ্রহীতা বাক্‌ও শ্রবণপ্রতিবন্ধী আব্দুল মান্নানের পরিবারের সদস্যরা কৃতজ্ঞতা প্রকাশ করেন। একই সঙ্গে নবাগত এসিল্যান্ডের মানবিক আচরণ অনুসরণ করতে অন্যান্য সরকারি কর্মকর্তার প্রতিও আহ্বান জানান তাঁরা।
একজন অসহায় মানুষের কাছে সময়মতো সরকারি সেবা পাওয়া যেমন স্বস্তির, তেমনি প্রশাসনের প্রতি আস্থা তৈরিরও একটি গুরুত্বপূর্ণ উপলক্ষ। এমন উদ্যোগ সাধারণ সেবাপ্রত্যাশীদের মধ্যে নতুন আশার সঞ্চার করছে।
সম্প্রতি সরেজমিনে ফরিদগঞ্জ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ের কার্যক্রম চলাকালে প্রতিবেদকের সঙ্গে কথা হয় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. আনিসুর রহমানের।
তিনি বলেন, এসিল্যান্ড হিসেবে দায়িত্ব পাওয়ার পর প্রথম কর্মস্থল ফরিদগঞ্জে নিজের সর্বোচ্চটা দেওয়ার প্রত্যাশা রয়েছে। সব সময়ই চেষ্টা থাকবে শতভাগ আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করার। জেলার সদর উপজেলায় কর্মরত থাকার পূর্ব অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে ফরিদগঞ্জ উপজেলাকে আরও সুন্দর ও জনবান্ধব করে তুলতে চাই।
তিনি আরও বলেন, ভূমি অফিস মানেই ভোগান্তি, সহজে ও স্বল্প সময়ে ভূমিসেবা পাওয়া যায় না-সাধারণ মানুষের মধ্যে থাকা এমন চিন্তাধারা থেকে তাঁদের বের করে আনতে চাই। সেবাপ্রত্যাশীরা যেন সহজেই প্রয়োজনীয় ভূমিসেবা পান, সেটিই আমার কার্যালয়ের অন্যতম লক্ষ্য। এ কার্যালয়ে প্রত্যেক সেবাগ্রহীতা যেন সঠিক সেবা পান, সে বিষয়ে ইতোমধ্যে কর্মকর্তা-কর্মচারীদের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। নির্দেশনাগুলো বাস্তবায়িত হচ্ছে কি না, তা আমি নিজেই তদারকি করছি।
সব মিলিয়ে নতুন জনবল, নতুন কর্মপরিকল্পনা এবং নানা চ্যালেঞ্জের মধ্য দিয়ে ফরিদগঞ্জ ভূমি অফিসে নতুন কর্মপরিবেশ গড়ে তোলার চেষ্টা করছেন আনিসুর রহমান। আইন প্রয়োগে দৃঢ়তা, সেবায় আন্তরিকতা, অমায়িক ব্যবহার, মানবিক দৃষ্টিভঙ্গি এবং দাপ্তরিক পরিবেশের ইতিবাচক পরিবর্তনের সমন্বয়ে তাঁর এই উদ্যোগ কতটা স্থায়ী রূপ পায়, সেটিই এখন দেখার বিষয়। তবে সাধারণ মানুষের প্রত্যাশা একটাই-ভূমি অফিস যেন আর ভোগান্তির নাম না হয়ে ওঠে; বরং মানুষের অধিকার, আস্থা ও নির্ভরতার একটি ঠিকানা হয়ে দাঁড়ায়।

দুই দিনের ব্যবধানে আবার

সোনার লেনদেন চলছে। নতুন দর কত
বাজুসের নতুন ঘোষণা অনুযায়ী, সোমবার সকাল ১০টা থেকে হলমার্ক করা ২২ ক্যারেট সোনার প্রতি গ্রাম বিক্রি হচ্ছে ১৮ হাজার ৯৩৫ টাকায়। ১১ দশমিক ৬৬৪ গ্রামে এক ভরি হিসাবে প্রতি ভরির দাম পড়ছে ২ লাখ ২০ হাজার ৮৫৮ টাকা। এ ছাড়া ২১ ক্যারেট সোনার প্রতি ভরি ২ লাখ ১০ হাজার ৯৪৩ টাকা, ১৮ ক্যারেট ১ লাখ ৮১ হাজার ২০০ টাকা এবং সনাতন পদ্ধতির সোনা ১ লাখ ৪৮ হাজার ১৬ টাকায় বিক্রি হচ্ছে। নতুন দর কার্যকরের আগে ২২ ক্যারেট সোনার প্রতি ভরির দাম ছিল ২ লাখ ১৭ হাজার ৫৯২ টাকা। ২১ ক্যারেটের দাম ছিল ২ লাখ ৭ হাজার ৭৯৪ টাকা, ১৮ ক্যারেটের ১ লাখ ৭৮ হাজার ৪৫৯ টাকা এবং সনাতন পদ্ধতির সোনার দাম ছিল ১ লাখ ৪৫ হাজার ৮০০ টাকা।
সেই হিসাবে দুই দিনের ব্যবধানে ২১ ক্যারেট সোনার দাম ভরিতে ৩ হাজার ১৪৯ টাকা, ১৮ ক্যারেটের ২ হাজার ৭৪১ টাকা এবং সনাতন পদ্ধতির সোনার দাম ২ হাজার ২১৬ টাকা বেড়েছে। বাজুসের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, স্থানীয় বাজারে তেজাবি সোনার (বিশুদ্ধ সোনা) দাম বেড়েছে। সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে সোনার নতুন দাম নির্ধারণ করা হয়েছে।
বিশ্ববাজারেও বেড়েছে
চলতি বছরের ২৯ জানুয়ারি আন্তর্জাতিক বাজারে সোনার দাম প্রতি আউন্সে ৫ হাজার ৫০০ ডলার ছাড়িয়ে নতুন রেকর্ড গড়েছিল। ওই দিন স্পট মার্কেটে দাম একপর্যায়ে ৫ হাজার ৫৯১ ডলার ৬১ সেন্টে ওঠে। পরে লেনদেনের একপর্যায়ে প্রতি আউন্সের দাম ছিল ৫ হাজার ৫৩৮ ডলার ৬৯ সেন্ট।
বিশ্ববাজারে সোনার দাম বাড়ার প্রভাবে ওই দিনই বাংলাদেশের বাজারে ২২ ক্যারেট সোনার দাম ভরিতে ২ লাখ ৮৬ হাজার ১ টাকায় উঠেছিল।
এরপর আন্তর্জাতিক বাজারে সোনার দাম ওঠানামার মধ্য দিয়ে লেনদেন হয়েছে। সাম্প্রতিক সময়ে টানা দরপতনের মধ্যে গত শুক্রবার স্পট মার্কেটে সোনার দাম ৪ হাজার ডলারের নিচে নেমে আসে। বার্তা সংস্থা রয়টার্সের সোমবারের প্রতিবেদনে বলা হয়েছে, আগের দিনের বড় দরপতনের পর সোমবার আন্তর্জাতিক বাজারে সোনার দাম কিছুটা ঘুরে দাঁড়ায়। এদিন স্পট মার্কেটে প্রতি আউন্স সোনার দাম ৩ হাজার ৯০৩ ডলার ৯০ সেন্টে ওঠে।
সোমবার বাংলাদেশ সময় দুপুর ১টায় বিশ্ববাজারের স্পট মার্কেটে প্রতি আউন্স সোনার দাম ছিল ৩ হাজার ৯০৬ ডলার ৮১ সেন্ট।
৩১ অক্টোবর দেশের বাজারে যখন সোনার দাম কমানো হয়েছিল, তখন স্পট মার্কেটে প্রতি আউন্স সোনার দাম ছিল ৩ হাজার ৮৭৫ ডলার ৫৩ সেন্ট।
রুপার দাম অপরিবর্তিত
সোনার দাম বাড়লেও রুপার দাম অপরিবর্তিত রেখেছে বাজুস। হলমার্ক করা ২২ ক্যারেট রুপার প্রতি গ্রাম বিক্রি হচ্ছে ৩০০ টাকায়। সে হিসাবে প্রতি ভরি রুপার দাম ৩ হাজার ৪৯৯ টাকা।

কচুয়ায় আলিম পরীক্ষায়

প্রতিষ্ঠান হিসেবেও কৃতিত্ব অর্জন করেছে মাদরাসাটি।
এ সাফল্যের বিষয়ে মাদরাসার অধ্যক্ষ মাওলানা এএসএম ফখরুদ্দিন বলেন, "এ কৃতিত্ব শুধু আমার একার নয়। শিক্ষার্থীরা অনেক পরিশ্রম করে লেখাপড়া করেছে। শিক্ষক-শিক্ষিকারাও দিনরাত তাদের পড়াশোনার তদারকি করেছেন। সবার সম্মিলিত প্রচেষ্টার ফলেই এ সাফল্য অর্জন সম্ভব হয়েছে।" আগামী দিনগুলোতে যেন প্রতিষ্ঠানটি আরও ভালো ফলাফল অর্জন করতে পারে, সে জন্য তিনি সবার কাছে দোয়া কামনা করেন।
প্রতিষ্ঠানটির এ গৌরবময় অর্জনে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকসহ সংশ্লিষ্ট সবার মধ্যে উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে। মাদরাসার এমন সাফল্যে সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন স্থানীয় সচেতন মহল।

মক্কায় ২ বাংলাদেশির শিরশ্ছেদ :

থেকে কোনো তথ্য জানতে পারব।
এখন পর্যন্ত সৌদি সরকারের কাছ থেকে কোনো উত্তর পাওয়া গেছে কি না, সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, না, কাজ চলছে। কাজ চলছে, সময় লাগবে, সময় লাগছে। তো আমরা আশা করছি যে, সৌদি সরকারের কাছ থেকে আমরা দ্রুত কিছু খবর পাব।
এর আগে গত ১৪ অক্টোবর মক্কায় একটি মসজিদে 'অনৈতিক কাজের' অভিযোগে দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড কার্যকরের খবর জানায় সৌদি কর্তৃপক্ষ। তবে মৃত্যুদণ্ড কার্যকরের আগে সৌদি আরবের পক্ষ থেকে বাংলাদেশকে এ বিষয়ে কিছু জানানো হয়নি বলে জানিয়েছে ঢাকা।
সংবাদমাধ্যমে মৃত্যুদণ্ড কার্যকরের খবর প্রকাশিত হওয়ার পর বিষয়টি নিয়ে সৌদি কর্তৃপক্ষের কাছে বিস্তারিত তথ্য জানতে উদ্যোগ নেয় বাংলাদেশ সরকার। এর অংশ হিসেবে গত ১৫ অক্টোবর জেদ্দায় বাংলাদেশের কনস্যুলেট সৌদি আরবের পররাষ্ট্র দপ্তরে চিঠি পাঠিয়ে দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড কার্যকরের বিষয়ে তথ্য ও বিস্তারিত জানতে চায়।
জেদ্দার পররাষ্ট্র দপ্তরে চিঠি পাঠানোর তিন দিন পর ঢাকায় সৌদি আরবের রাষ্ট্রদূতকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে তলব করা হয়। এ সময় একই চিঠি পুনরায় সৌদি রাষ্ট্রদূতের কাছে হস্তান্তর করে পররাষ্ট্র মন্ত্রণালয়।
সোমবার পর্যন্ত সেসব চিঠির কোনো প্রতিউত্তর না আসার কথা সাংবাদিকদের বলেছেন প্রতিমন্ত্রী শামা।

পোশাকের বাইরে নতুন

সময়ে এই আয় ছিল ৫ কোটি ডলার। অর্থাৎ এক বছরের ব্যবধানে রফতানি আয় বেড়েছে ৪ কোটি ৪০ লাখ ডলার।
দেশের সামগ্রিক পণ্য রফতানি আয় যেখানে বেড়েছে ৬ শতাংশ, সেখানে উইগ ও মানবচুল রফতানিতে প্রায় ৮৬ শতাংশ প্রবৃদ্ধি নতুন সম্ভাবনার ইঙ্গিত দিচ্ছে। তৈরি পোশাকের ওপর নির্ভরশীল রফতানি খাতে মানবচুল ও উইগ নতুন পণ্য হিসেবে গুরুত্ব পাচ্ছে। তবে এই ব্যবসা এখনো সাধারণ মানুষের কাছে অনেকটাই অজানা। অথচ দেশের বিভিন্ন এলাকায় চুল সংগ্রহ, বাছাই, প্রক্রিয়াজাতকরণ ও উইগ তৈরিকে কেন্দ্র করে গড়ে উঠেছে ব্যবসায়িক নেটওয়ার্ক। তৈরি হয়েছে কর্মসংস্থানের সুযোগও।
বাংলাদেশে দীর্ঘদিন ধরে বাড়ি বাড়ি ঘুরে চুল সংগ্রহের প্রচলন রয়েছে। কোথাও নগদ টাকায়, কোথাও প্রসাধনী, খেলনা কিংবা ছোটখাটো গৃহস্থালি পণ্যের বিনিময়ে চুল কেনা হয়। চিরুনিতে জমে থাকা চুলও সংগ্রহ করেন ব্যবসায়ীরা। এসব চুল প্রথমে স্থানীয় সংগ্রাহক ও আড়তদারদের কাছে যায়। কয়েক ধাপ হাতবদলের পর বড় ব্যবসায়ীদের গুদামে পৌঁছায়। সেখানে চুলের দৈর্ঘ্য, মান ও ধরন অনুযায়ী বাছাই, পরিষ্কার ও প্রক্রিয়াজাত করা হয়। এরপর কাঁচামাল হিসেবে রফতানি কিংবা দেশে উইগ তৈরিতে ব্যবহার করা হয়।
চীনের বড় বাজার, বাংলাদেশ থেকে যাচ্ছে কাঁচামাল
বাংলাদেশের মানবচুলের অন্যতম বড় ক্রেতা চীনের ব্যবসায়ীরা। তারা সরাসরি বাংলাদেশে এসে চুল কেনেন। আবার স্থানীয় রফতানিকারকদের মাধ্যমেও সংগ্রহ করেন। চীনে মানবচুল দিয়ে উইগ ও হেয়ার এক্সটেনশন তৈরির বড় শিল্প গড়ে উঠেছে। বাংলাদেশ থেকে সংগ্রহ করা চুল সেখানে প্রক্রিয়াজাত করে উন্নতমানের পণ্য তৈরি করা হয়। পরে এসব পণ্য ইউরোপ, যুক্তরাষ্ট্র, আফ্রিকা ও মধ্যপ্রাচ্যের বিভিন্ন বাজারে বিক্রি হয়।তবে বাংলাদেশ শুধু চুল রফতানি করে না, আমদানিও করে। স্থানীয়ভাবে সংগৃহীত চুল দিয়ে দেশের উইগ কারখানাগুলোর চাহিদা পূরণ না হওয়ায় ২০২১ সালে ভারত থেকে মানবচুল আমদানি শুরু হয়। বিশেষ করে দিনাজপুর অঞ্চলের কয়েকটি কারখানায় আমদানি করা চুল দিয়ে উইগ তৈরির উদ্যোগ নেওয়া হয়। এসব কারখানায় উৎপাদিত পণ্যের একটি বড় অংশ বিদেশে রফতানি করা হয়।
কাঁচামাল নয়, তৈরি উইগ রফতানির উদ্যোগ
মানবচুলের ব্যবসায় নতুন সম্ভাবনা তৈরি হলেও শুধু কাঁচামাল রফতানি করে এর পুরো অর্থনৈতিক সুফল পাওয়া সম্ভব নয়। এ বিষয়টি বিবেচনায় নিয়ে দেশে উইগ তৈরির কারখানাও গড়ে উঠছে। উত্তরার ফয়দাবাদ দীর্ঘদিন ধরে মানবচুলের ব্যবসার অন্যতম কেন্দ্র হিসেবে পরিচিত। সেখানে চুলের গুদাম, বাছাই কেন্দ্র ও ছোট-বড় উইগ তৈরির কারখানা রয়েছে। এ ছাড়া দিনাজপুর, ফরিদপুর ও নীলফামারীসহ বিভিন্ন এলাকায় এই ব্যবসার বিস্তার ঘটেছে।
নারায়ণগঞ্জের জাপানিজ ইকোনমিক জোনেও বিদেশি বিনিয়োগে আন্তর্জাতিক মানের উইগ তৈরির উদ্যোগ রয়েছে। একটি জাপানি প্রতিষ্ঠান সেখানে কাস্টমাইজড উইগ তৈরি করছে। প্রতিষ্ঠানটির তৈরি পণ্য জাপান ও সিঙ্গাপুরে রফতানি হচ্ছে। ভবিষ্যতে ইউরোপ ও যুক্তরাষ্ট্রের বাজারেও প্রবেশের পরিকল্পনা রয়েছে।

উত্তর রাড়ীকান্দি জামে মসজিদে

করে উপস্থিত মুসল্লি, এলাকাবাসী ও সর্বস্তরের মানুষের কাছে দোয়া ও সমর্থন কামনা করেন।
তিনি বলেন, ইউনিয়ন পরিষদ নির্বাচন স্থানীয় পর্যায়ে জনগণের প্রতিনিধি নির্বাচনের একটি গুরুত্বপূর্ণ সুযোগ। জনগণের প্রত্যাশা পূরণে একজন জনপ্রতিনিধির সততা, আন্তরিকতা ও জবাবদিহিতা থাকা প্রয়োজন।
তিনি আরও বলেন, এলাকার মানুষের দোয়া ও ভালোবাসা নিয়ে ফতেপুর পশ্চিম ইউনিয়নের উন্নয়ন এবং জনসেবামূলক কর্মকাণ্ডে ভূমিকা রাখতে চান। নির্বাচিত হলে ইউনিয়নের সব এলাকায় সুষম উন্নয়ন ও সুযোগ-সুবিধার ন্যায্য বণ্টন নিশ্চিত করতে কাজ করবেন। কোনো এলাকা যেন উন্নয়ন ও নাগরিক সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত না হয়, সেদিকে বিশেষ গুরুত্ব দেওয়ার প্রত্যয় ব্যক্ত করেন তিনি।
এ সময় তিনি ইউনিয়নের সর্বস্তরের মানুষের সহযোগিতা, দোয়া ও সমর্থন কামনা করেন।
মিলাদ ও দোয়া মাহফিল শেষে উপস্থিত মুসল্লিদের সঙ্গে সৌহার্দ্যপূর্ণ পরিবেশে কুশল বিনিময় করেন এম ইলিয়াছ আলী।

যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচন কেন গুরুত্বপূর্ণ, কী হবে ট্রাম্পের ভাগ্যে

দিগন্ত ডেস্ক

যুক্তরাষ্ট্রে প্রতি দুই বছর পরপর নির্বাচন অনুষ্ঠিত হয়। প্রেসিডেন্টের চার বছর মেয়াদের মাঝামাঝি সময়ে যে নির্বাচন হয়, তাকে বলা হয় মধ্যবর্তী নির্বাচন বা মিডটার্ম ইলেকশন। আগামী ৩ নভেম্বরের নির্বাচনে ভোটাররা কংগ্রেসের দুই কক্ষ–প্রতিনিধি পরিষদ ও সিনেটের সদস্য নির্বাচন করবেন। পাশাপাশি বিভিন্ন অঙ্গরাজ্যে গভর্নরসহ স্থানীয় পর্যায়ের জনপ্রতিনিধিও নির্বাচিত হবেন।
কেন ভোট দিচ্ছেন মার্কিন ভোটাররা?
যুক্তরাষ্ট্রের আইন প্রণয়ন, সরকারি ব্যয় নিয়ন্ত্রণ এবং প্রেসিডেন্টের বিভিন্ন মনোনয়ন অনুমোদনের ক্ষেত্রে কংগ্রেস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই কংগ্রেসে নিজেদের প্রতিনিধি বেছে নিতে ভোট দেবেন মার্কিন নাগরিকেরা।
এবার সিনেটের ১০০টি আসনের মধ্যে ৩৫টিতে নির্বাচন অনুষ্ঠিত হবে। সিনেটররা ছয় বছর মেয়াদে দায়িত্ব পালন করেন।
অন্যদিকে, প্রতিনিধি পরিষদের ৪৩৫টি আসনের সব কটিতেই ভোট হবে। এই পরিষদের সদস্যরা দুই বছর মেয়াদে নির্বাচিত হন। আইন প্রণয়ন, সরকারের ব্যয় নিয়ন্ত্রণ এবং নিজ নিজ নির্বাচনী এলাকার মানুষের প্রতিনিধিত্ব করেন তাঁরা।
এ ছাড়া যুক্তরাষ্ট্রের বেশ কয়েকটি অঙ্গরাজ্যে গভর্নর নির্বাচনও অনুষ্ঠিত হবে। গভর্নররা নিজ নিজ অঙ্গরাজ্যের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন।
নির্বাচনের মূল ইস্যু কী কী?
এবারের নির্বাচনে ভোটারদের কাছে অর্থনীতি অন্যতম প্রধান ইস্যু। জ্বালানি, খাদ্যপণ্য, আবাসন ও স্বাস্থ্যসেবার বাড়তি খরচে চাপে রয়েছেন অনেক মার্কিন নাগরিক।
মুদ্রাস্ফীতিও ভোটারদের উদ্বেগের বড় কারণ। দেশটির কেন্দ্রীয় ব্যাংক ফেডারেল রিজার্ভের নির্ধারিত লক্ষ্যমাত্রার ওপরে রয়েছে মূল্যস্ফীতির হার। ইরানের বিরুদ্ধে গত ফেব্রুয়ারিতে যুক্তরাষ্ট্র ও ইসরাইলের শুরু করা যুদ্ধের প্রভাবও অর্থনীতিতে পড়েছে বলে উল্লেখ করা হয়েছে।
অর্থনীতির পাশাপাশি অভিবাসন ও কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই নিয়েও ভোটারদের আগ্রহ রয়েছে।
ট্রাম্পের জন্য এই নির্বাচনের গুরুত্ব কী?
মধ্যবর্তী নির্বাচনের ফলাফলের ওপর নির্ভর করবে কংগ্রেসের নিয়ন্ত্রণ কার হাতে থাকবে–প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের রিপাবলিকান পার্টি, নাকি বিরোধী ডেমোক্র্যাটরা।
কংগ্রেসের দুই কক্ষের নিয়ন্ত্রণ ধরে রাখতে পারলে ট্রাম্পের জন্য নিজের রাজনৈতিক পরিকল্পনা বাস্তবায়ন সহজ হবে। অন্যদিকে, ডেমোক্র্যাটরা সংখ্যাগরিষ্ঠতা পেলে প্রেসিডেন্টের বিভিন্ন উদ্যোগে বাধা সৃষ্টি করতে পারবেন।
এ নির্বাচনের ফলাফল থেকে ট্রাম্পের প্রতি মার্কিন ভোটারদের সমর্থন ও অসন্তোষের মাত্রা সম্পর্কেও ধারণা পাওয়া যাবে।
রিপাবলিকান কারা?
রিপাবলিকান পার্টি যুক্তরাষ্ট্রের প্রধান দুটি রাজনৈতিক দলের একটি। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এই দলের নেতা। দলটির সমর্থকদের রিপাবলিকান বলা হয়।
অর্থনৈতিকভাবে দলটি সাধারণত রক্ষণশীল নীতির পক্ষে। ছোট সরকার, কম কর এবং ব্যবসাবান্ধব নীতিকে তারা গুরুত্ব দেয়। রিপাবলিকান পার্টির প্রতীকী রং লাল। দলটি 'জিওপি' বা গ্র্যান্ড ওল্ড পার্টি নামেও পরিচিত।
ডেমোক্র্যাট কারা?
ডেমোক্র্যাটরা ডেমোক্র্যাটিক পার্টির সমর্থক। যুক্তরাষ্ট্রের প্রধান দুই রাজনৈতিক দলের মধ্যে এটি রিপাবলিকানদের প্রতিদ্বন্দ্বী।
ডেমোক্র্যাটরা সাধারণত স্বাস্থ্যসেবা, শিক্ষা ও সামাজিক নিরাপত্তায় সরকারের বড় ভূমিকার পক্ষে। পাশাপাশি গর্ভপাতের অধিকার এবং দরিদ্র ও নিম্ন আয়ের মানুষের সহায়তার মতো সামাজিক ইস্যুতে দলটি গুরুত্ব দেয়। ডেমোক্র্যাটিক পার্টির প্রতীকী রং নীল।

ভারত সীমান্ত ঘেঁষে এক দিনে ১০৮টি বৌদ্ধ প্যাগোডা নির্মাণ করল ভুটান

দিগন্ত ডেস্ক

ভারতের সীমান্তঘেঁষা এলাকায় এক দিনে ১০৮টি বৌদ্ধ প্যাগোডা নির্মাণ করেছে ভুটান। রোববার দেশটির ৪০ হাজারের বেশি স্বেচ্ছাসেবী এসব স্থাপনা নির্মাণে অংশ নেন। ভুটানের নতুন 'মাইন্ডফুলনেস' শহর গড়ে তোলার জায়গায় নদীর তীর ধরে ১২ কিলোমিটার এলাকায় প্যাগোডাগুলো স্থাপন করা হয়েছে। অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়াতে নেওয়া উচ্চাভিলাষী এই শহর প্রকল্পের সঙ্গে ধর্মীয় ঐতিহ্যকে যুক্ত করতেই এমন উদ্যোগ নেওয়া হয়েছে।
প্রতিটি প্যাগোডার উচ্চতা ১৫ মিটার বা প্রায় ৫০ ফুট। কর্মকর্তারা জানিয়েছেন, মধ্যরাতের পর কাজ শুরু করে ৪০ হাজারের বেশি স্বেচ্ছাসেবী এসব স্থাপনা নির্মাণে অংশ নেন। তাদের ভাষায়, এগুলো পাথর ও মাটিতে স্থায়ী রূপ পাওয়া প্রার্থনার প্রতীক। বৌদ্ধধর্মে ১০৮ সংখ্যাটিকে পবিত্র মনে করা হয়। ভুটানে এই ধর্ম ব্যাপকভাবে প্রচলিত।
অনুষ্ঠানে ২ দুই লাখ মানুষ অংশ নেন। দেশটির কর্মকর্তারা বার্তা সংস্থা এএফপিকে এ তথ্য জানিয়েছেন। এই সংখ্যা ভুটানের মোট জনসংখ্যার প্রায় এক-চতুর্থাংশ।
অনুষ্ঠানে দেওয়া ভাষণে ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক বলেন, 'এক দিনে ১০৮টি প্যাগোডা নির্মাণের উদ্যোগ সফল হবে কি না, তা নিয়ে আমি উদ্বিগ্ন ছিলাম। কিন্তু সবকিছু সফলভাবে সম্পন্ন হয়েছে। এ জন্য আমি সত্যিই কৃতজ্ঞ।'
রাজার পরিকল্পনায় এবং ডেনমার্কের স্থপতিদের নকশায় গড়ে উঠছে গেলে ফু মাইন্ডফুলনেস সিটি। ভুটানের নেতারা আশা করছেন, এই শহর দেশের অর্থনীতিকে চাঙা করবে এবং তরুণদের দেশেই থাকার ব্যাপারে উৎসাহিত করবে। টেকসই ব্যবসা, পরিবেশবান্ধব প্রযুক্তি, শিক্ষা, পর্যটন ও আর্থিক সেবা খাতে বিনিয়োগ আকর্ষণ করাও এ প্রকল্পের লক্ষ্য।
ভুটান বর্তমানে নানা অর্থনৈতিক চ্যালেঞ্জের মুখে রয়েছে। এর মধ্যে রয়েছে বেকারত্ব বৃদ্ধি, জন্মহার কমে যাওয়া এবং দক্ষ কর্মীদের ব্যাপকভাবে দেশ ছেড়ে চলে যাওয়া।
দক্ষিণ ভুটানে ভারতের সীমান্তঘেঁষা এলাকায় শহরটি গড়ে তোলা হচ্ছে। বর্তমানে এলাকাটি প্রায় ১০ হাজার মানুষের বসবাসের একটি ছোট শহর। রাজধানী থিম্পু থেকে এর দূরত্ব প্রায় ২৪০ কিলোমিটার।
ভুটানের জনসংখ্যা ৮ লাখের কিছু কম। চীন ও ভারতের মাঝখানে অবস্থিত স্থলবেষ্টিত এই হিমালয় রাষ্ট্র অর্থনৈতিক প্রবৃদ্ধির পাশাপাশি 'মোট জাতীয় সুখ' বা গ্রস ন্যাশনাল হ্যাপিনেসকে অগ্রাধিকার দেওয়ার নীতির জন্য পরিচিত।
২০২৪ সালে রাজকীয় সনদের মাধ্যমে রাজা এই বিশেষ অঞ্চল প্রতিষ্ঠা করেন। তখন তিনি বলেছিলেন, এর উদ্দেশ্য হলো 'একটি প্রাণবন্ত অর্থনৈতিক কেন্দ্র গড়ে তোলা'।
অনুষ্ঠানে অংশ নেওয়া ৬৫ বছর বয়সি নিমা গেলতশেন বলেন, 'এই দিনটি প্রজন্মের পর প্রজন্ম আমাদের ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে।' তিনি অর্গানাইজেশন ফর ইয়ুথ এমপাওয়ারমেন্টের প্রধান। সংস্থাটি ভুটানের তরুণদের কর্মসংস্থানের সুযোগ খুঁজে পেতে সহায়তা করে।
ক্রিপ্টোকারেন্সি নিয়েও পরিকল্পনা
বিশ্লেষকেরা প্রশ্ন তুলেছেন, নতুন শহরের পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় বিনিয়োগ ভুটান আকর্ষণ করতে পারবে কি না। তবে ভারতের ধনকুবের গৌতম আদানি এ প্রকল্পে যুক্ত হয়েছেন। বন্দর থেকে বিদ্যুৎ খাত পর্যন্ত বিস্তৃত ব্যবসায়িক গোষ্ঠীর প্রধান আদানি জানুয়ারিতে প্রকল্পটির প্রতিষ্ঠাতা সদস্য হন।
প্রকল্প এলাকাটি ভারতের আসাম রাজ্যের রেল নেটওয়ার্কের সঙ্গে যুক্ত করার পরিকল্পনা রয়েছে। সেখানে ২০২৯ সালে একটি আন্তর্জাতিক বিমানবন্দর চালুরও লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।
ভুটানের ক্রিপ্টোকারেন্সি-সংক্রান্ত উচ্চাকাঙ্ক্ষার সঙ্গেও এই প্রকল্পের যোগ রয়েছে। দেশটি উদ্বৃত্ত জলবিদ্যুৎ ব্যবহার করে বিটকয়েন উৎপাদন করছে। শহরটির উন্নয়নে ডিজিটাল সম্পদ ব্যবহারের প্রতিশ্রুতিও দিয়েছে ভুটান।
রোববারের অনুষ্ঠানে অংশ নেওয়া স্থানীয় বাসিন্দা ৫৬ বছর বয়সি বিষ্ণু মায়া মোকতাং নতুন শহরটি নিয়ে উচ্ছ্বাস প্রকাশ করেন। এএফপিকে তিনি বলেন, 'আমি আশা করি, শহরটি দেখে যাওয়ার মতো দীর্ঘ জীবন পাব।





চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ
CHANDPUR AL-AMIN HOSPITAL
আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৭১২১২৯৩২০
বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), এমপিএইচ(বিএসএমএমইউ) সার্টিফাইড ফেলো কার্ডিওলজী ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	মেডিসিন নিউরোমেডিসিন হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার) এমবিবিএস(সিএমসি), বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস(ইএনটি) জাতীয় নাক, কান, গলা, ইনস্টিটিউট তেজগাঁও, ঢাকা (এক্স)। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত)	নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ব্যাথা রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডাঃ মোঃ সাদ্দাম হোসেন তালুকদার এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পজিটি রেসপিরেটরি মেডিসিন) এমএস রেসিডেন্ট থোরাসিক সার্জারী) মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা। জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, এ্যাজমা, হাঁপানী, শ্বাসকষ্ট, যক্ষা ও বক্ষব্যাধি রোগের চিকিৎসক ও থোরাসিক সার্জন	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ আজমিরা বেগম এমবিবিএস(ঢামেক),বিসিএস(স্বাস্থ্য) এম এস (গাইনী এন্ড অবস্) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। বিএমডিসি রেজিঃ নং- এ-৫৫১৭০	স্ত্রী,প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডাঃ দ্বীন ইসলাম এমবিবিএস (সিইউ) ডিসিএইচ (ঢাকা শিশু হাসপাতাল) স্পেশাল ট্রেনিং ইন এনআইসিইউ এন্ড পিআইসিইউ সহকারী অধ্যাপক মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ ও হাসপাতাল	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবিঃ থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ
- অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
- আউটডোরে ২৪ ঘন্টা একজন এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
- নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
- বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
- সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
- স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধ।

সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান